www.facebook.com/purbottar
Bengali fortnightly newspaper
www.purbottar.in

পৃষ্ঠা-৭




'অরেলিয়া'র ব্র্যান্ড অ্যাম্বাসাডর আলিয়া ভাট

# পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত
RNI No. 71057/96

**বিজ্ঞপ্তি**
আপনাদের গল্প, কবিতা, লেখা, চিত্র আমাদের contact@purbottar.in-এ ই-মেইল অথবা, 95932 00246 নাম্বারে হোয়াটস্ অ্যাপ করুন।
বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- 9775273458

বর্ষঃ ২৫, সংখ্যাঃ ১৩, কোচবিহার, শুক্রবার, ২ জুলাই - ১৫ জুলাই ২০২১, পৃষ্ঠা সংখ্যাঃ ৮ | Vol:25, Issue: 13, Cooch Behar, Friday, 2 July - 15 July 2021, Page: 8 ₹ 3.00

# দিনহাটাঃ কাকে বাছবেন মমতা?




রবীন্দ্রনাথ ঘোষ


উদয়ন গুহ


পার্থ প্রতীম রায়

> "বিধানসভা উপনির্বাচনে জিতলেই উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর নাকি পাকা..."

এবারের বিধানসভা নির্বাচনে দিনহাটা বিধানসভায় নাম মাত্র ভোটে জয়ী হয়ে বিধায়ক পদ থেকে ইস্তফা দিয়েছেন সাংসদ নিশীথ প্রামানিক। তাই আপাতত বিধায়কহীন দিনহাটা বিধানসভা। এই বিধানসভায় উপনির্বাচন আসন্ন। সাংবিধানিক নিয়মানুসারে বিধায়কহীন বিধানসভায় ছয় মাসের মধ্যে উপ নির্বাচন করা প্রয়োজন। আর এই উপ নির্বাচনকে ঘিরে উত্তরবঙ্গে জল্পনার কেন্দ্রে রয়েছে দিনহাটা। কেননা রাজ্যে তৃতীয়বারের জন্য ক্ষমতায় এসে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর নিজের কাছে রেখেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় স্বয়ং। রাজনৈতিক মহলের জল্পনা, দিনহাটায় যদি তৃণমুল কংগ্রেস জয়ী হয় তাহলে সেই বিধায়ক হতে পারে ভবিষ্যতের উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী। নির্বাচনের পরে যেভাবে উত্তরবঙ্গে পৃথক রাজ্যের দাবিতে আন্দোলন মাথা চাড়া দিয়ে উঠছে তাতে কোনো হেভিওয়েটকে দিনহাটা থেকে নির্বাচনে জিতিয়ে এনে এই মন্ত্রকের দায়িত্ব দেওয়া হতে পারে বলে তৃণমুলের অন্দরে জোর আলোচনা চলছে। আর তাতেই দিনহাটায় শাসক দলের প্রার্থী হিসেবে একাধিক নাম ভেসে আসছে। দিনহাটার প্রাক্তন বিধায়ক উদয়ন গুহ, রাজ্যের প্রাক্তন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ, কোচবিহার জেলা তৃণমূল কংগ্রসের সভাপতি পার্থপ্রতিম রায় সহ আরোও অনেক নামের কথা জল্পনা হচ্ছে। এখন দেখার বিষয় মমতা বন্দ্যোপাধ্যায় দিনহাটায় উপ নির্বাচনে দলীয় প্রার্থী হিসেবে কাকে পছন্দ করেন। কোচবিহারের হেভিওয়েট এই নেতার মধ্যে কার ভাগ্যে শিকে ছিড়ে তা আপাতত বলা না গেলেও তুল্যমুল্য আলোচনা হতেই পারে।

২০২১ সালের বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসের দিনহাটা কেন্দ্রের প্রার্থী ছিলেন উদয়ন গুহ। মাত্র ৫৭ ভোটের ব্যবধানে তিনি বিজেপি প্রার্থী তথা সাংসদ নিশীথ প্রামানিকের কাছে পরাজিত হন। রাজ্যে তৃণমূল ক্ষমতায় এলেও উত্তরবঙ্গে লোকসভা ভোটের মতই গেরুয়া ঝড় অব্যাহত ছিল। সেই ঝড় উদয়ন গুহ দিনহাটায় সামাল দিতে না পারলেও কাটায় কাটায় লড়াই দিয়েছেন। ভাগ্যের ফেরে মাত্র কয়েক ভোটে উদয়ন হেরে যান বলে উদয়ন অনুগামীরা দাবি করেছে। লোকসভা ভোটের পরে উদয়ন গুহের উপর আক্রমন হলেও মাটি কামড়ে দিনহাটায় ছিলেন তিনি। গ্রামগঞ্জে সাংগঠনিক জোর আর উদয়ন গুহের পরিশ্রমের জন্যই দিনহাটায় বিজেপির সাথে লড়াই দেওয়া সম্ভব হয়েছে বলে তৃণমূল কর্মীরা দাবি করেন। শহরে আশানুরূপ ভোট না পাওয়াতেই এবারে হারার খেদ রয়ে গেল উদয়নবাবুর।

সাংসদ নিশীথ প্রামানিক দিনহাটার বিধায়ক পদ থেকে ইস্তফা দিতেই আর একবার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগ এসেছে উদয়ন গুহের সামনে। আর তিনি ফের দিনহাটা থেকে জোড়া ফুল চিহ্নে দাড়াবেন কিনা ঠিক করবেন দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। উদয়ন অনুগামীরা তাদের প্রিয় নেতাকে দিনহাটা উপনির্বাচনে প্রার্থী হিসেবেই দেখতে চান। তাদের দাবি, এবারের নির্বাচনে জেতার পরে উদয়নবাবুর উপর প্রাণঘাতী হামলা চালায় বিজেপি। নির্বাচনে পরাজয়ের পরেও যেভাবে তৃণমূলকে সংগঠিত রাখতে ছুটে বেড়াচ্ছিলেন উদয়ন গুহ সেজন্যই এই আক্রমণ হয়। উদয়ন গুহের হাত ভেঙ্গে দিলেও দলের কাজ থেকে তাঁকে আটকানো যায় নি। সুস্থ হয়েই দিনহাটায় বিজেপিতে একের পর এক ধস নামাচ্ছেন উদয়ন গুহ। এবারে প্রার্থী হলে

পৃষ্ঠা -৫

## টানা বৃষ্টিতে ফুঁসছে উত্তরবঙ্গের একাধিক নদী



আবহাওয়া দপ্তরের আশঙ্কাই সত্যি হয়েছে, এই সপ্তাহের টানা বৃষ্টিতে জলস্তর বাড়ায় তিস্তা, জলঢাকা, মানসাই নদী রীতিমতো ফুঁসতে শুরু করে। যারজন্য সেচদপ্তর ওই তিন নদীতেই হলুদ সঙ্কেত জারি করে। এছাড়াও ডায়না, কালজানি, তোর্সা নদীতেও উল্লেখযোগ্যভাবে জলস্তর বেড়েছে। উত্তরবঙ্গের একাধিক জেলায় বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে। এই দুর্যোগ মোকাবিলায় প্রস্তুত রয়েছে উত্তরবঙ্গের প্রশাসন।

প্রশাসন সূত্রে খবর, প্রতিবছরের মতো এবারও বর্ষার মরশুমের শুরু থেকেই প্লাবন পরিস্থিতি সামাল দিতে প্রস্তুত ব্লকস্তরের প্রশাসনিক কর্তারা। ফ্লাড রেসকিউ শেল্টারের ব্যবস্থা রয়েছে। পর্যাপ্ত পরিমাণে মজুত রয়েছে ত্রাণসামগ্রী। ত্রিপল সহ শুকনো খাবারের ব্যবস্থা করা হয়েছে। যে অঞ্চলগুলিতে বন্যা পরিস্থিতি তৈরি হচ্ছে, সেখানে দ্রুত ব্যবস্থা নেওয়া হচ্ছে। সরিয়ে আনা হচ্ছে দুর্গতদের।

সেচদপ্তর সূত্রে খবর, বুধবার সকাল সাড়ে ৬টা নাগাদ তিস্তায় হলুদ সঙ্কেত জারি করা হয়। সকাল ৬টা ৪০ মিনিটে জলঢাকা নদীতেও জারি হয় হলুদ সতর্কতা। আর মানসাইতে সকাল ৯টায় হলুদ সঙ্কেত দেয় সেচদপ্তর। তবে দুপুরের পর জল কমায় ওই সঙ্কেত তুলে নেওয়া হয়। সেচদপ্তর জানিয়েছে, ডায়না, কালজানি, তোর্সা নদীতে কোনও সঙ্কেত জারি করা না হলেও জলস্তর বেড়েছে। সেচদপ্তর আরও জানিয়েছে, গতবছরের তুলনায় এ বছর তুলনামূলকভাবে প্রায় ৪০ শতাংশ কম বৃষ্টি হয়েছে জলপাইগুড়ি সদরে। গতবছর এ সময় জলপাইগুড়িতে বৃষ্টিপাতের পরিমাণ ছিল ১৪১৯ মিমি। সেখানে এ বছর এখনও পর্যন্ত বৃষ্টি হয়েছে ৮৭৬.৬০ মিমি।

## পোর্টাল চালু হোক স্বাস্থ্য দফতরে, প্রস্তাব কলকাতা পুরসভার

**কলকাতা:** দেবাঞ্জন দেবের ভুয়ো ভ্যাকসিন-কাণ্ডের পর টিকা বিতরণ নিয়ে রাজ্যের স্বাস্থ্য দফতরকে নতুন প্রস্তাব দিতে চলেছে কলকাতা পুরসভা। কলকাতা পুরসভার প্রস্তাবে রয়েছে, স্বাস্থ্য দফতর নতুন একটি পোর্টাল চালু করুক, যাতে এবার থেকে কে কোথায় ভ্যাকসিন দিচ্ছে তার তালিকা ওই পোর্টলে পাওয়া যায়। পাশাপাশি নতুন করে সরকারি, বেসরকারি বা স্বউদ্যোগে কোনও সংস্থা ভ্যাকসিন দিতে চাইলে ওই পোর্টালের মাধ্যমে আবেদন জানাতে হবে।

কলকাতা পুরসভার প্রশাসকমন্ডলীর সদস্য অতীন ঘোষ নতুন প্রস্তাবটি পুরসভার স্বাস্থ্য সংক্রান্ত বৈঠকে রাখেন। সেই প্রস্তাবে তিনি বলেছেন, 'এই ধরনের কোনও ক্যাম্প করতে হলে স্বাস্থ্য দফতরের ওই নির্দিষ্ট পোর্টালের মাধ্যমে আবেদন করতে হবে। পাশাপাশি কোথায় কোথায় সরকারি ভাবে ভ্যাকসিন দেওয়া হচ্ছে তার তালিকা যেমন ওই পোর্টালের থাকবে, একই ভাবে কোথায় কোথায় বেসরকারি উদ্যোগে ভ্যাকসিন দেওয়া হচ্ছে তারও তালিকা থাকবে।

## রাজ্যে ১০ লাখি ক্রেডিট কার্ডের তরুণের স্বপ্ন পূরণ




মুখ্যমন্ত্রী আগেই ঘোষণা করেছেন পড়ুয়াদের জন্য ক্রেডিট কার্ড চালু করবেন। বুধবার নবান্নে এর সাংবাদিক বৈঠক করে সূচনা করেন তিনি। দারিদ্র্যের কারণে যাঁদের লেখাপড়া বন্ধ হওয়ার উপক্রম, যাঁরা নির্বিঘ্নে উচ্চশিক্ষা চালিয়ে যেতে চান, বিদেশে লেখাপড়ার স্বপ্ন যাঁদেরএমন সব শিক্ষার্থীর জন্য সুযোগের দরজা খুলে দিয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

ক্রেডিট কার্ডে স্নাতক , স্নাতকোত্তর , ডিপ্লোমা, এমফিল, ডক্টরেট পড়ার পাশাপাশি আইএএস ,আইপিএস , সিভিল সার্ভিস পরীক্ষায় যোগদানের জন্য প্রস্তুতি নিতেও ঋণ পাবেন পড়ুয়ারা। এর জন্য কোনও প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে। তিনি আরও বলেছেন ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ নেবে এবং তার বয়স সীমা হবে ৪০ বছর। ১৫ বছর ধরে তা পরিশোধ করা যাবে। আর এর গ্যারান্টার হিসেবে থাকবে রাজ্য সরকার। আর এই ক্রেডিট কার্ড চালু করতে গিয়ে তিনি অভয় বাণী দিয়েছেন, 'উচ্চশিক্ষার ইচ্ছুক পড়ুয়াদের টাকার অভাবে মাঝপথে পড়াশোনা বন্ধ করতে হবে না।' এক্ষেত্রে কোনওরকম দুর্নীতি বা জালিয়াতি তিনি বরদাস্ত করবেন না বলেও হুঁশিয়ারি দিয়েছেন।

কোর্স চলাকালীন যেকোনো সময় পড়ুয়ারা অনলাইনে আবেদন করতে পারবেন। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন , এর ফলে অভিভাবকরা কিছুটা হলেও দুশ্চিন্তামুক্ত হবেন। তবে জালিয়াতির রুখতেও বেশ সতর্ক তিনি । তাই শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এবং শিক্ষা সচিব মনীশ জৈনকে বিষয়টিতে নজর রাখতে বলেন তিনি। মুখ্যমন্ত্রী অভিভাবকদের উদ্দেশ্যে বলেন, কোন জালিয়াতি ফাঁদে না পড়ে সরাসরি www.wb.gov.in এবং wbssc.gov.in ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবেন। প্রয়োজনে ১৮০০১০২৮০১৪ টোল ফ্রি নাম্বারে ফোন করতে পারবেন আগ্রহীরা। শুধু কোর্স ফি নয়, ল্যাপটপ বা অন্যান্য খরচ ও বহন করতে এই ঋণ সাহায্য করবে। মুখ্যমন্ত্রী চান আদিবাসী বা আর্থিকভাবে অসচ্ছল পরিবার থেকে উঠে আসুক আইএএস, আইপিএসরা। তাই ১০০ জন পরিবারকে বিনামুল্যে বৃত্তি সহ বিষয়ক প্রশিক্ষণ দেবে সরকার।

## এমপিএল স্পোর্টস ফাউন্ডেশন

**গুয়াহাটি:** ইস্পোর্টস প্লাটফর্ম মোবাইল প্রিমিয়ার লিগের কমিউনিটি ইনিশিয়েটিভ এমপিএল স্পোর্টস ফাউন্ডেশন ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশনের প্রিন্সিপাল পার্টনার হল। এর ফলে এই ফাউন্ডেশন টোকিয়ো ২০২০ অলিম্পিক, ২০২২ কমনওয়েলথ গেমস ও এশিয়ান গেমসে ইন্ডিয়ান কন্টিনজেন্টের প্রিন্সিপাল পার্টনার হবে। এছাড়া, স্পোর্টস ও অ্যাথলেজার ব্র্যান্ড এমপিএল স্পোর্টস ২০২২ সালের দুটি ইভেন্টেই ইন্ডিয়ান কন্টিনজেন্টসের অফিসিয়াল কিট পার্টনার হতে পারবে।

ভারতীয় খেলোয়াড়দের নির্বাচনের দায়িত্বে থাকা ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশনের সঙ্গে এই পার্টনারশিপ গড়ে উঠেছে ঠিক সেইসময়ে যখন টোকিয়ো অলিম্পিকসের প্রাক্কালে ইন্টারন্যাশনাল অলিম্পিক কমিটি আয়োজিত প্রথমবারের অলিম্পিক ভার্চুয়াল সিরিজ চালানোর কথা ঘোষিত হয়েছে। ২০২২ সালের এশিয়ান গেমসে ইস্পোর্টস একটি মেডাল ইভেন্ট হতে চলেছে।

এমপিএল স্পোর্টস ফাউন্ডেশনের লক্ষ্য হল সমাজের বিভিন্ন ক্ষেত্র থেকে অ্যাথলেটদের তুলে আনা এবং তাদের উন্নয়ন ও দক্ষতা প্রকাশের একটি প্লাটফর্ম জোগানোর জন্য ভারতে স্পোর্টসের ব্যাপারে সচেতনতা গড়ে তোলা ও ইস্পোর্টসের প্রেক্ষাপটে পরিবর্তন ঘটানো। প্রসঙ্গত, আসামের লভলীনা বরগোহাইঁ টোকিয়ো অলিম্পিকসে মহিলাদের ওয়াটারওয়েট ক্যাটাগরিতে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

## ফগসি ও ইউএসএইড পার্টনারশিপ

**শিলিগুড়ি:** ফেডারেশন অফ ওবস্টেট্রিক অ্যান্ড গায়নাকোলজিক্যাল সোসাইটিজ অফ ইন্ডিয়া (ফগসি) লঞ্চ করল 'পঙ্খ্ ইনিশিয়েটিভ'। ইউএস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট-এর (ইউএসএইড) সহযোগিতায় সংগঠিত এই উদ্যোগের উদ্দেশ্য তরুণদের মধ্যে 'রিপ্রোডাক্টিভ হেলথ' বিষয়ে অধিকতর সচেতনতা সৃষ্টি করা।

এই উদ্যোগের মাধ্যমে 'টক বেঝিঝক' (দ্বিধাহীনভাবে কথা বলা) ক্যাম্পেন চালানো হবে, যার ফলে তরুণরা ভারতের বিভিন্ন এলাকার ফগসি মেম্বার চিকিৎসকদের সঙ্গে বিনাদ্বিধায় ঠিকঠাকভাবে কথাবার্তা বলতে সক্ষম হবেন। ক্যাম্পেনের আওতায় থাকবে একটি হেল্পলাইন (১৮০০ ২৫৮ ০০০১) যার মাধ্যমে প্রশিক্ষিত কাউন্সেলরগণ প্রশ্নের উত্তর দেবেন এবং প্রয়োজন অনুসারে ক্লিনিকে সরাসরি আলোচনার ব্যবস্থা করে দেবেন। পঙ্খ্ (হিন্দিতে যার অর্থ পাখা) উদ্যোগের মুখ্য উদ্দেশ্য হল দ্বিধা বা জড়তা ত্যাগ করে 'সেফ সেক্সুয়াল বিহেভিয়র' ও 'প্রপার কন্ট্রাসেপ্টিভ ইউজ' বিষয়ে সচেতনতা সৃষ্টি করা।

প্রসঙ্গত, কোভিড-১৯ অতিমারির কারণে 'রিপ্রোডাক্টিভ হেলথ'-সহ স্বাস্থ্যগত বিভিন্ন দিকের প্রতি সকলের দৃষ্টি আকর্ষিত হয়েছে। লকডাউনের সময়ে কন্ট্রাসেপ্টিভ সংগ্রহে অসুবিধার জন্য প্রায় ২.৭ মিলিয়ন অনাকাঙ্ক্ষিত গর্ভাধান হয়েছে। কোভিড-১৯ জনিত কারণে কন্ট্রাসেপ্টিভ ও রিপ্রোডাক্টিভ হেলথ বিষয়ক বার্তা প্রচারেও বাধার সৃষ্টি হয়েছে। ফলে তরুণবয়স্করা রিপ্রোডাক্টিভ হেলথ বিষয়ক সঠিক তথ্য পূর্ণমাত্রায় পেতে পারেন নি এবং তাদের চাহিদা পূরণের জন্য যেসব পরিষেবা রয়েছে সেগুলির ব্যাপারেও সঠিকভাবে অবহিত হতে সক্ষম হন নি।

# বিদেশের বাজারে যাচ্ছে নিসান ম্যাগনাইট




**গুয়াহাটি:** ইন্দোনেশিয়া, সাউথ আফ্রিকা ও নেপালে অল-নিউ নিসান ম্যাগনাইট রপ্তানির কথা ঘোষণা করল নিসান ইন্ডিয়া। ২০২০ সালের ডিসেম্বরে অল-নিউ নিসান ম্যাগনাইট লঞ্চ হওয়ার পর থেকে মে ২০২১ পর্যন্ত নিসান ইন্ডিয়া ১৫,০১০টি সাব-কম্প্যাক্ট এসইউভি তৈরি করেছে, যার মধ্যে ভারতের জন্য ১৩,৭৯০টি ও রপ্তানির জন্য ১,২২০টি।

'মেক ইন ইন্ডিয়া, মেক ফর ওয়ার্ল্ড' নীতি অনুসারে নির্মিত এই নতুন গাড়িটি ২০২১-এর ফেব্রুয়ারিতে নেপালে লঞ্চ হওয়ার পর প্রথম ৩০ দিনেই ৭৬০টিরও বেশি বুকিং হয়েছে। নেপালে প্যাসেঞ্জার ভেহিকেলের মাসিক বিক্রয়ের সংখ্যা ১,৫৮০ ইউনিট।

এবছরের গোড়ার দিকে ম্যানুফ্যাকচারিংয়ের জন্য থার্ড শিফট চালু করা ও কারখানায় ১০০০ জনেরও বেশি কর্মী নিয়োগ করার মধ্য দিয়ে নিসান ইন্ডিয়া ভারতের ও রপ্তানির বাজারের চাহিদা পূরণ করার কাজ করে চলেছে। এবার বিদেশে রপ্তানি নিসান ইন্ডিয়ার কোয়ালিটি উন্নত করতে ও বিশ্বমান অর্জনে সাহায্য করবে।

# এশিয়ান গ্রানিটো'র বড়সড় সম্প্রসারণ

**কলকাতা:** এশিয়ান গ্রানিটো ইন্ডিয়া লিমিটেড (এজিআইএল) বেশ বড়ধরণের সম্প্রসারণ ঘটালো তাদের সাবসিডিয়ারি ক্রিস্টাল সেরামিক ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড (ক্রিস্টাল সেরামিক্স) সংস্থায়। গুজরাটের মেহ্সানায় অবস্থিত কারখানায় গ্লেজড ভিট্রিফায়েড টাইলস নির্মাণের ক্ষেত্রে ক্রিস্টাল সেরামিক্স দিনপ্রতি ১২০০০ বর্গমিটার উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করেছে। এই সম্প্রসারণের জন্য ক্রিস্টাল সেরামিক্স ২৫ কোটি টাকা বিনিয়োগ করেছে। ক্রিস্টাল




সেরামিক্সে ৭০ শতাংশ ইকুইটি স্টেক রয়েছে এশিয়ান গ্রানিটো'র। এই সম্প্রসারণের ফলে ক্রিস্টাল সেরামিক্সের দিনপ্রতি মোট উৎপাদন ক্ষমতা বেড়ে হবে ৩৬০০০ বর্গমিটার এবং বছরে বাড়তি প্রায় ৭০-৭৫ কোটি টাকা ইনক্রিমেন্টাল সেলস বৃদ্ধির ফলে ক্রিস্টাল সেরামিক্স ও এশিয়ান গ্রানিটো'র টার্নওভার বৃদ্ধি পাবে। ২০২১ অর্থবর্ষে ক্রিস্টাল সেরামিক্সের টার্নওভার ছিল ১৮৪.৪৫ কোটি টাকা। ২০২১ অর্থবর্ষে কনসলিডেটেড বেসিসে কোম্পানির নেট প্রফিট ছিল ৫৭.২৩ কোটি টাকা, যা ইয়ার-অন-ইয়ার ভিত্তিতে ৩৬ শতাংশ বৃদ্ধিপ্রাপ্ত। ৬ শতাংশ ইয়ার-অন-ইয়ার বৃদ্ধির ভিত্তিতে ২০২১ অর্থবর্ষে নেট সেলস ছিল ১২৯২ কোটি টাকা।

প্রসঙ্গত, এজিআইএল-এর প্রোডাক্টস রেঞ্জে রয়েছে সেরামিক ফ্লোর, ডিজিটাল ওয়াল, ভিট্রিফায়েড, পার্কিং, পোর্সেলিন। গ্লেজড ভিট্রিফায়েড, আউটডোর, ন্যাচারাল মার্বল, কম্পোজিট মার্বল ও কোয়ার্টজ। এছাড়াও স্যানিটারি ডিভিশনে যোগ করা হয়েছে সিপি ফিটিংস ও ফসেটস।

# পিএনবি আন্তর্জাতিক যোগ দিবস পালন করল

**নতুন দিল্লি:** আন্তর্জাতিক যোগ দিবস পালন করল পাঞ্জাব ন্যাশনাল ব্যাংক (পিএনবি)। কোভিড বিধি ও আচরণ মেনে পিএনবি পরিবার একটি ভার্চুয়াল যোগ অধিবেশনের আয়োজন করেছিল তাদের সব জোনের কর্মীদের জন্য। ব্যাংকের পক্ষ থেকে কর্মীদের এই অনুষ্ঠানে অংশ নিতে এবং যোগাভ্যাসকে দৈনন্দিন জীবনের অঙ্গ করে নিতে উৎসাহ প্রদান করা হয়।

আন্তর্জাতিক যোগ দিবসে এবছরের থিম ছিল - 'সুস্থতার জন্য যোগ', যার লক্ষ্য হল শারীরিক সুস্থতার পাশাপাশি




মানসিক স্বাস্থ্যের প্রতিও নজর রাখা। কোভিড-১৯ জনিত অসুস্থতার পরিপ্রেক্ষিতে এই বিষয়টি দেশে খুবই প্রাসঙ্গিক। পিএনবি'র এমডি ও সিইও এস এস মল্লিকার্জুন রাও, এক্সিকিউটিভ ডিরেক্টর সঞ্জয় কুমার, বিজয় দুবে ও স্বরূপ কুমার সাহা, চিফ ভিজিল্যান্স অফিসার বিজয় কুমার ত্যাগী ও চিফ জেনারেল ম্যানেজারগণ হেড অফিসে যোগ অধিবেশনে উপস্থিত ছিলেন। জোনাল হেড ও অন্যান্য স্টাফ মেম্বারগণ ভার্চুয়াল অধিবেশনে সপরিবারে অংশ নিয়েছিলেন।

## সেরা কোম্পানির তালিকায় গড্রে ফিলিপস



**কলকাতা:** ২০২১ সালের 'বেস্ট কোম্পানিজ টু ওয়ার্ক' তালিকায় অন্তর্ভুক্ত হল গডফ্রে ফিলিপস ইন্ডিয়া। অংশগ্রহণের তৃতীয় বর্ষে এবছর ২৮তম স্থান পেয়েছে গডফ্রে ফিলিপস।

'গ্রেট প্লেসেস টু ওয়ার্ক' প্রদত্ত এই স্বীকৃতি দ্বারা বিশ্বের কোম্পানিগুলিকে 'আউটস্ট্যান্ডিং পিপল প্র্যাক্টিসেস' ও 'ওয়ার্কপ্লেস কালচার্স'-এর ভিত্তিতে মূল্যায়ণ করা হয়। গডফ্রে ফিলিপস ইন্ডিয়ার এই স্বীকৃতিলাভের পেছনে রয়েছে তাদের এইসব বৈশিষ্ট্য 'রেসপেক্ট', 'ট্রান্সপ্যারেন্সি', কোলাবোরেশন', 'এমপাওয়ারমেন্ট' ও 'প্যাশন ফর উইনিং'। গডফ্রে ফিলিপসের সবরকম ব্যবসায়িক সিদ্ধান্তের মূলে থাকে তাদের 'পিপলস ফার্স্ট' নীতি।


'গ্রেট প্লেস টু ওয়ার্ক' হল একটি 'গ্লোবাল অথরিটি' যারা সারা বিশ্বের 'বেস্ট ওয়ার্কপ্লেসেস' চিহ্নিত ও মূল্যায়ণ করে। এইবছর ভারতে ৮৫০টিরও অধিক সংস্থা 'গ্রেট প্লেস টু ওয়ার্ক ইনস্টিটিউট'-এর কাছে মূল্যায়ণের আবেদন জানিয়েছিল।

## নিসান ইন্ডিয়ার প্রচারসঙ্গী কপিল দেব



গুয়াহাটি, জুন ২০২১: দেশে আনলক প্রক্রিয়া চালু হওয়ার পাশাপাশি নিসান ইন্ডিয়া প্রবাদপ্রতিম ক্রিকেটার কপিল দেবকে সঙ্গী করে একটি সংহত 'জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড সেফটি ক্যাম্পেন' চালু করেছে। এর উদ্দেশ্য, ক্রিকেটের মাধ্যমে ভারতে কোভিড-১৯ বিষয়ে সচেতনতা গড়া ও ক্ষমতায়ন করা। এই ক্যাম্পেনের সামনে থাকবেন ভারতের আইকনিক ক্রিকেট অ্যাম্বাসাডর কপিল দেব।

এই ক্যাম্পেনের মাধ্যমে দেশবাসীর মধ্যে নিরাপত্তার বার্তা প্রচার করা হবে যাতে তারা স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য একযোগে লড়াই করেন, যেমনটি করেন 'টাফেস্ট ম্যাচের' ক্ষেত্রে। সাতটি ভিডিয়োর সিরিজ নিয়ে শুরু করা এই ক্যাম্পেন চলবে সকল ডিজিটাল প্লাটফর্মে। প্রতি তৃতীয় দিনে একটি করে নতুন লাইভ ভিডিয়ো যোগ হতে থাকবে। উল্লেখ্য, নিসান ইন্ডিয়া কোভিড-১৯ রিলিফ ইকুইপমেন্ট হিসেবে ৪.৩ কোটি টাকা প্রদান করেছে। তামিলনাড়ু স্টেট ডিজাস্টার রিলিফ ফান্ডে ২.২ কোটি টাকা ও তামিলনাড়ু সিএম রিলিফ ফান্ডে ২৫ লক্ষ টাকা দান করেছে। সেকেন্ড ওয়েভের শুরুতে সহায়তা হিসেবে নিসান ইন্ডিয়া বিতরণ করেছে এন-৫ মাস্ক, পিপিই কিট, অক্সিজেন কনসেন্ট্রেটর, পোর্টেবল এসিজি মেশিন, এক্স-রে মেশিন, পালস অক্সিমিটার ও ন্যাজাল অক্সিজেন মেশিন।




রাজ্য বিধানসভা নির্বাচন মিটতেই উত্তরবঙ্গে পৃথক রাজ্যের দাবি জোরালো হতে শুরু করে। সেই দাবিকে প্রকাশ্যেই সুড়সুড়ি দিতে থাকেন বিজেপির সাংসদ বিধায়করা। ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেস এই দাবির তীব্র বিরোধিতা করে। উত্তরবঙ্গ তথা বাংলার মানুষেরা বিজেপির এই দাবির পাশে নেই বুঝতে পেরে পরে পিছু হটতে শুরু করে বিজেপি। প্রকাশ্যে বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ জানান, বাংলা ভাগের দাবিকে মান্যতা দেয় না বিজেপি।

পৃথক কামতাপুর রাজ্যের দাবিতে উত্তরবঙ্গে দীর্ঘদিন থেকে আন্দোলন হচ্ছে। কামতাপুর লিবারেশনের হিংসাশ্রয়ী আন্দোলনে রক্তের স্রোত বয়ে গেছে এই বাংলায়। তবুও এই বিচ্ছিন্নতাবাদী শক্তির কাছে মাথা নত করা হয় নি। কালের স্রোতে যখন এই দাবি অনেকটাই ম্রিয়মাণ, তখন হঠাৎ বিজেপি রাজ্যে ক্ষমতায় আসতে না পারার পরেই এই দাবি এল। আলিপুরদুয়ারের বিজেপি সাংসদ জন বার্লা পৃথক রাজ্যের দাবিতে মুখ খোলেন। প্রতিবাদের আওয়াজ উঠতে থাকে রাজ্যজুড়ে।


উত্তরবঙ্গে মুলত রাজবংশী সম্প্রদায়ের মানুষের আধিপত্য। আছে প্রচুর বাংলাদেশ থেকে আসা মানুষজন। সেই মানুষজনদের সমর্থন বিজেপির দিকে থাকলেও বাংলা ভাগের দাবি উঠতে তারা প্রতিবাদ করছেন। কেননা একবার ভিটে মাটি ছেড়ে অন্যত্র আসতে বাধ্য হয়েছে। পৃথক রাজ্যের দাবি-আন্দোলনের ফলে আবার ভিটেমাটি হারানোর আশঙ্কা করছেন তারা। আর সেটা বুঝতে পেরে কৌশল বদলে বাধ্য হয়েছে বিজেপি।

ক্ষমতার স্বাদ পাওয়ার জন্য বিজেপির কিছু নেতা অত্যন্ত উৎসাহী হয়ে উঠেছেন। লোকসভা নির্বাচনে উত্তরবঙ্গ তাদের দলকে ঢেলে আশীর্বাদ করেছে। বিধানসভা নির্বাচনে জনসমর্থনে একটু ভাটা পড়লেও উত্তরবঙ্গ বিজেপির গড় হয়ে উঠার সব লক্ষণ দেখাচ্ছে। নেতারা তাই নিজেদের গড় বজায় রাখতে রাজ্য ভাগে আওয়াজ তোলার কৌশল নিয়েছেন। একই সাথে উদ্দেক্ষ দলত্যাগ আটকানো এবং ক্ষমতায় নতুন অলিন্দ খুঁজে পাওয়া। কিন্তু বাংলার মানুষ যেভাবে এর বিরুদ্ধে প্রতিবাদ করতে শুরু করেছেন তাতে তাড়াতাড়ি পাততাড়ি গোটানো ছাড়া কোনো উপায়ই মনে হয় খোলা নেই তাদের কাছে।

# জানুন ৫জি ইন্টারনেট সম্পর্কে

৫জি বা ৫ম প্রজন্মের ওয়্যারলেস সিস্টেম হচ্ছে উন্নত প্রযুক্তির ওয়্যারলেস নেটওয়ার্ক, এটি ২০১৮ এর পরবর্তী সময়ে উন্মুক্ত করা হয়েছে। ৫জি প্রযুক্তি মিলিমিটার তরঙ্গ ব্যান্ড (২৬, ২৪, ৩৮, এবং ৬০ গিগাহার্টজ) যা প্রতি সেকেন্ডে ২০ গিগাবিট (গিগাবাইট/ সেকেন্ড) গতিতে ডেটার আদান-প্রদানে সক্ষম। বিশেষজ্ঞদের দাবি ৪জি এর ন্যূনতম ১০ গুণ বেশি কর্মক্ষমতা প্রদানে সক্ষম হবে ৫জি নেটওয়ার্ক।

২০১৭ সাল থেকে ৫জি এর বাস্তবায়ন স্যামসাং, ইন্টেল, কোয়ালকম, নোকিয়া, হুয়াওয়ে, এরিকসন, জেডটিই এবং অন্যান্য বেশ কয়েকটি প্রতিষ্ঠানের নেতৃত্বে পরিচালিত হচ্ছে। যদিও ২০২০ সাল নাগাদ ৫জি কে বাণিজ্যিকভাবে বিশ্বব্যাপী উপলভ্য করার পরিকল্পনা নেওয়া হয়েছে, তবে দক্ষিণ কোরিয়া ২০১৮ শীতকালীন অলিম্পিকের দর্শকদের ৫জি প্রনয়ন করিয়ে দেখিয়েছে। ভেরিজোন যুক্তরাষ্ট্রের যে ৪টি শহরে ২০১৮ ফিক্সড ওয়্যারলেস এক্সেস ৫জি চালু




করার পরিকল্পনা করছে সেগুলো হচ্ছে স্যাক্রামেন্টো, লস এঞ্জেলেস, ইন্ডিয়ানাপলিস এবং হিউস্টন। মোবাইল নেটওয়ার্ক অপারেটদের পাশাপাশি, শিল্পক্ষেত্রের [[আইওটি]], এন্টারপ্রাইজ নেটওয়ার্কিং এবং জরুরি যোগাযোগের ক্ষেত্রে ব্যক্তিগত নেটওয়ার্ক হিসাবে ৫জি এর প্রয়োগের ব্যাপারে আশাবাদ ব্যক্ত করা হচ্ছে।

একদিকে ৫জি পরিষেবার চালু হওয়ার অপেক্ষায় মোবাইল ফোন ব্যবহারকারীরা অন্য দিকে এর ফলে হুমকির মুখে পড়েছে প্রচলিত ব্যবস্থার টেলিভিশন সম্প্রচার শিল্প। সম্প্রচার জগতে আগামী দিনে টেলিভিশনের আধিপত্য কতটা টিকে থাকবে তা নিয়ে সংশয় আছে। ৫জি সম্প্রচার প্রযুক্তিকে কাজে লাগানোর ক্ষেত্রে টেলিভিশনের চেয়ে বেশ সুবিধাজনক অবস্থানে রয়েছে।

# বাচ্চাদের মোবাইল ফোন ব্যবহারের অভ্যাস দীর্ঘ স্থায়ী নয়

করোনা ফলে দীর্ঘ লকডাউনে আমাদের জীবনযাত্রার ধরনই বদলে গেছে। এই পরিস্থিতিতে বাচ্চাদের পুরো বছরটাই প্রায় ভার্চুয়াল ক্লাস আর ইনডোর গেমে কেটে গেল। মোবাইল, ভিডিও গেম বা ল্যাপটপ-ডেস্কটপেই অধিকাংশ সময় কাটছে তাদের। তাদের এই অভ্যেস চিন্তায় ফেলেছে বাবা-মায়েদের। তবে ছেলে-মেয়েরা যদি একটু বেশি সময় কম্পিউটার, ল্যাপটপ কিংবা ফোনে কাটায়, তা নিয়ে বেশি চিন্তা করে লাভ নেই। কারণ সম্প্রতি এক সমীক্ষা জানিয়েছে তাদের এই অভ্যেসটি দীর্ঘস্থায়ী নয়।

Advances in Life Course Research-এ প্রকাশিত এই সমীক্ষার লেখক ও ইনস্টিটিউট অফ বিহেভিয়ারল সায়েন্সের সোসিওলজির অধ্যাপক স্টিফ্যানি মলবর্নও একই কথা জানিয়েছেন। সমীক্ষা জুড়ে দেখানো হয়েছে, কীভাবে অ্যামেরিকার যুবকদের



উপর প্রভাব ফেলেছে মোবাইল ইন্টারনেটের রমরমা। এক্ষেত্রে ১৮-৩০ বছরের যুবকদের উপর সমীক্ষা করা হয়েছে। প্রায় ১,২০০ জনের সার্ভে ডাটার উপর চলেছে পরীক্ষা-নিরীক্ষা।সমীক্ষকদের কথায়, প্রযুক্তির উদ্ভাবনের পাশাপাশি প্রযুক্তির স্বাদ পরিবর্তনও জারি রয়েছে। তাই বাবা-মায়েদের অধিক চিন্তা করে কোনও লাভ নেই। কারণ কোনওকিছুর প্রতিই গুরুতরভাবে আকৃষ্ট হওয়ার তেমন আশঙ্কা নেই। এই অ্যাডিকশন বা বিশেষ টেকনোলজির প্রতি আকর্ষণও একসময় বদলে যাবে। আর এদিক থেকেই বাবা-মায়েদের স্বস্তি দিতে পারে পুরো বিষয়টি।

এই সমীক্ষায় মোবাইল ইন্টারনেটের যুগে ডিজিটাল টেকনোলজি কীভাবে আবর্তিত হচ্ছে, তা জানতেই বিশদে নানা তথ্যের মূল্যায়ণ করা হয়েছে। এই সমীক্ষায় দেখা গেছে প্যানডেমিকের সময় নানা ধরনের টেক গেজেটের ব্যবহার বেড়েছে সঙ্গে বেড়েছে ব্যবহারকারীর সংখ্যাও। অভিভাবকেরা তাদের ছেলে-মেয়েদের ফোন ব্যবহারের জন্য একটা টাইম লিমিট বেঁধে দেন। অনেকে খুব বকাবকি করেন। ফোন কেড়ে নেন। গবেষকদের দাবি, বাবা-মায়েরা যতটা চিন্তায় রয়েছেন, ততটাও খারাপ প্রভাব পড়েনি তাদের ছেলে-মেয়েদেও উপর।

# মিয়াজাকি আম: দাম কেজি প্রতি ২ লক্ষ ৭০ হাজার টাকা

জাপানের কিয়ুশু প্রিফেকচারের মিয়াজাকি শহরে মূলত হয় এই মিয়াজাকি আম। এর দাম কেজিপ্রতি ২ লক্ষ ৭০ হাজার টাকা, বিশ্বের সবচেয়ে দামী বলে বিবেচিত হয়ে থাকে। ভারতের আমের প্রজাতির থেকে দৃশ্যত আলাদা এই মিয়াজাকি আম। এই বিশেষ আমের প্রজাতি একেবারে গাঢ় লাল বা বেগুনী ধাঁচের এবং আকারও আলাদা। জাপানে মিয়াজাকি আমের ফলন হয় সাধারণত এপ্রিল থেকে অগাস্টের মধ্যে।

আমটি দেখতে অনেকটা ডায়নোসরের ডিমের মতো। তাই এই আমকে জাপানি ভাষায় "তাইয়ো-নো-তামাগো" বলেও ডাকা হয়। অর্থ- সূর্যের ডিম। মিয়াজাকি আমের এক-একটির ওজন প্রায় ৩৫০ গ্রামের হয়। অন্য আমের তুলনায় এতে সর্করার



পরিমাণ ১৫ শতাংশ বেশি। যে কারণে, এটি বেশ মিষ্টি। জাপানি সংবাদমাধ্যম সূত্রে, আন্তর্জাতিক বাজারে গত বছর এর দর উঠেছিল কেজিপ্রতি ২ লক্ষ ৭০ হাজার টাকা।

জাপানের বাণিজ্যিক মহলের দাবি, দক্ষিণপূর্ব এশিয়ায় উৎপন্ন হওয়া হলুদ আম হল সাধারণত "পেলিকান" প্রজাতির। কিন্তু, এই মিয়াজাকি আম হল "আরউইন" প্রজাতির। জানা গিয়েছে, এই আমগুলি অ্যান্টি-অক্সিডেন্টে ভরপুর। এর মধ্যে রয়েছে বিটা-ক্যারোটিন ও ফলিক অ্যাসিড। দৃষ্টিশক্তির সমস্যায় এই আম ভীষণ উপকারী।



# কোভিড-১৯: ফ্রন্টলাইন কর্মীদের ট্রেনিং দেবে স্কিল ইন্ডিয়া





**নতুন দিল্লি:** কোভিড-১৯'এর বিরুদ্ধে লড়াইয়ের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'কাস্টমাইজড ক্র্যাশ কোর্স প্রোগ্রাম ফর কোভিড-১৯ ফ্রন্টলাইন ওয়ার্কার্স ইন হেলথকেয়ার' নামে একটি স্বল্পমেয়াদী কোর্স উদ্বোধন করেছেন। এর দ্বারা ১ লক্ষেরও বেশি কোভিড যোদ্ধাকে দক্ষতার প্রশিক্ষণ দেওয়া হবে। উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী জানান, অদূর ভবিষ্যতে করোনা ভাইরাস আবার ফিরে আসতে পারে, সেজন্য স্বাস্থ্য পরিকাঠামোকে শক্তিশালী করা ও অতিরিক্ত দক্ষ কর্মীর প্রয়োজন, যাতে করোনা ভাইরাসের বিরুদ্ধে লড়াই তীব্রতর করা যায়।

কোভিড-১৯ বর্তমান স্বাস্থ্য পরিকাঠামোর ওপর বাড়তি চাপের সৃষ্টি করেছে, আর সেজন্য দেশে দক্ষতাসম্পন্ন কর্মীর প্রয়োজনও বেশি হচ্ছে। এইকারণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পরামর্শক্রমে 'স্কিল ডেভেলপমেন্ট অ্যান্ড এন্টারপ্রিনারশিপ' (এমএসডিই) মন্ত্রকের উদ্যোগে এক লক্ষাধিক প্রশিক্ষিত ও দক্ষ স্বাস্থ্যকর্মীকে নিয়োগ করা হবে, যারা কোভিড-১৯'এর বিরুদ্ধে লড়াই চালাতে পারবেন।

পরিকল্পনা অনুসারে স্বল্পমেয়াদী ট্রেনিং কোর্সের পর ৩ মাসের অন-দ্য-জব ট্রেনিং হবে কোনও স্বাস্থ্যকেন্দ্রে, যেমন প্রাইমারি হেলথ সেন্টার, হাসপাতাল, স্যাম্পল কালেকশন সেন্টার ইত্যাদি। প্রথম পর্যায়ে এই প্রকল্পটি শুরু হবে ২৬টি রাজ্যের ১১১টি ট্রেনিং সেন্টারে। এরপরই ১ লক্ষ প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের বিভিন্ন স্বাস্থ্য পরিষেবা প্রদান কেন্দ্রে নিয়োগ করা হবে।

## উত্তরপূর্বাঞ্চলে পেপয়েন্ট মাইক্রো-এটিএম




**মুম্বই:** পেপয়েন্ট ইন্ডিয়া উত্তরপূর্ব ভারতে মাইক্রো-এটিএম (এম-এটিএম) চালু করেছে। এইসব এম-এটিএম গ্রামীণ এলাকায় খুবই উপযোগী হবে কারণ ওইসব এলাকা থেকে মানুষজনকে এটিএম বা ব্যাংকে যেতে হলে হলে অনেকটা পথ পাড়ি দিতে হয়। এই বহণযোগ্য মেশিনগুলি স্থানীয় কিরানা দোকানে বসানো যায়। এগুলি চলে দোকানের ক্যাশবক্স ব্যবহার করে।

টাকা না থাকার কারণে যখন বড় এটিএম-গুলি ব্যবহারযোগ্য থাকেনা, তখনও এম-এটিএম'গুলি থেকে অর্থ লেনদেন করা সম্ভব হয়। রিটেল শপগুলি থেকে দ্রুততার সঙ্গে অর্থ সংগ্রহের জন্য এগুলির সঙ্গে মোবাইল ফোন বা ল্যাপটপের সংযোগ ঘটানো যায়। চিপ-রিডিংয়ের মতো আধুনিক ব্যবস্থা সমন্বিত অ্যাডভান্সড ও পোর্টেবল এম-এটিএম প্রথাগত এটিএম-গুলির মতো সবরকম সুবিধা প্রদান করতে সক্ষম।

পেপয়েন্ট ইতিমধ্যে উত্তরপূর্বাঞ্চলে এক পাইলট প্রোগ্রামের মাধ্যমে প্রায় ৯০০ এম-এটিএম স্থাপন করেছে এবং ২০২২ সালের মার্চ নাগাদ এই সংখ্যা বাড়িয়ে ৬০০০-৭০০০ করা যাবে বলে আশা করা হচ্ছে। প্রাথমিক পর্যায়ে পেপয়েন্ট ইন্ডিয়া আসামে এম-এটিএম স্থাপন করেছে চা-বাগানের শ্রমিকদের সুবিধার্থে। কাছেপিঠে এটিএম বা ব্যাংক না থাকার ফলে তাদের পারিশ্রমিকের টাকা তুলতে খুবই অসুবিধা ভোগ করতে হয়। আসামে কমবেশি ৮৪১টি চা-বাগান রয়েছে যেখানে ১০ লক্ষেরও বেশি শ্রমিক কাজ করেন। ব্যাংকিং পরিষেবার চাহিদা পূরণের লক্ষ্যে পেপয়েন্ট আসামের বড় চা-বাগানগুলিতে এম-এটিএম স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে।

## মাহিন্দ্রা'র নতুন বিএস-৪ কনস্ট্রাকশন ইকুইপমেন্ট



**গুয়াহাটি:** মাহিন্দ্রা অ্যান্ড মাহিন্দ্রা লিমিটেডের মাহিন্দ্রা কনস্ট্রাকশন ইকুইপমেন্ট (এমসিই) নিয়ে এলো নতুন বিএস-৪ বিধিসম্মত কনস্ট্রাকশন ইকুইপমেন্ট মাহিন্দ্রা আর্থমাস্টার ব্যাকহো লোডার ও মাহিন্দ্রা রোডমাস্টার মোটর গ্রেডার। এমসিই'র বিএস-৪ রেঞ্জের লক্ষ্য হল ক্রেতাদের ইন্ডাস্ট্রির সবথেকে কম রক্ষনাবেক্ষণ ব্যয়বিশিষ্ট কনস্ট্রাকশন ইকুইপমেন্ট প্রদান করা। উল্লেখ্য, ২০১১ সাল থেকে মাহিন্দ্রা কনস্ট্রাকশন ইকুপমেন্ট (এমসিই) ভারতের গ্রাহকদের জন্য তাদের প্রয়োজন অনুসারে নানারকম মেশিন ডিজাইন ও নির্মাণ করে আসছে।

মাহিন্দ্রা ট্রাক-অ্যান্ড-বাস অ্যান্ড কনস্ট্রাকশন ইকুইপমেন্টের বিজনেস হেড জলজ গুপ্তা জানান, মাহিন্দ্রা'র নতুন বিএস-৪ বিধিসম্মত কনস্ট্রাকশন ইকুইপমেন্টগুলি গ্রাহকদের চাহিদা ও প্রয়োজন অনুযায়ী ভারতেই ডিজাইন করে শক্তপোক্তভাবে নির্মিত। এগুলি গ্রাহকদের হাতে তুলে দিতে পেরে তারা আনন্দিত।

## সোনি ইন্ডিয়ার নতুন স্পিকার




**কলকাতা:** ওয়ার্ল্ড মিউজিক ডে উপলক্ষে সোনি ইন্ডিয়া লঞ্চ্ করল এসআরএস-এক্সবি১৩ এক্সট্রা বাস কম্প্যাক্ট অয়্যারলেস স্পিকার সিরিজ। এতে পাওয়া যাবে 'ডীপ' ও 'পাঞ্চি' বাস সাউন্ড। এই অয়্যারলেস স্পিকারের সঙ্গে রয়েছে 'এনহান্সড বিটস' ও 'ওয়াইডার সাউন্ডের' জন্য নতুন সাউন্ড ডিফ্যুশন প্রসেসর। একইসঙ্গে রয়েছে আগের থেকে আরও ভাল নতুন কিছু ফিচার, যেমন ব্যাটারি লাইফ ইন্ডিকেটর, বিল্ট-ইন মাইক ও গুগল ফাস্ট পেয়ার। এই নতুন স্পিকারটি পাওয়া যাবে গোলাপী, নীল, তামাটে ও কালো রঙে।

নতুন এসআরএস-এক্সবি১৩ স্পিকারটি ২১ জুন থেকে পাওয়া যাবে সকল সোনি রিটেল স্টোর্স (সোনি সেন্টার ও সোনি এক্সক্লুসিভ), www.ShopatSC.com পোর্টাল, মুখ্য ইলেকট্রনিক স্টোর্স এবং অ্যামাজন ও ফ্লিপকার্ট পোর্টাল থেকে। এই স্পিকারের বেস্ট বাই প্রাইস ৩,৯৯০ টাকা।

## ভারতে লঞ্চ্ হল স্কোডা কুশাক




**শিলিগুড়ি:** স্কোডা অটো ইন্ডিয়া'র বহু-প্রতীক্ষিত এসইউভি 'স্কোডা কুশাক'-এর জন্য বুকিং শুরু হয়েছে এবং একইসঙ্গে তার দামও ঘোষণা করা হয়েছে। চলতি বছরের প্রথমদিকে ভারতে 'কুশাক'-এর ওয়ার্ল্ড প্রিমিয়ার হওয়ার পর এই গাড়ির প্রতি গ্রাহকদের আগ্রহ বৃদ্ধি পেয়েছে। এটি 'মেড ইন ইন্ডিয়া অ্যান্ড ফর ইন্ডিয়া' এসইউভি। ভারতের এসইউভি গ্রাহকদের কথা মাথায় রেখে এই গাড়ির সব ভেরিয়েন্টেই অনেক অ্যাক্টিভ ও প্যাসিভ সেফটি ফিচার যোগ করা হয়েছে। কুশাক লঞ্চের মধ্য দিয়ে স্কোডা অটো ইন্ডিয়া ভারতের টিয়ার-২ ও টিয়ার-৩ শহরগুলির বাজারে তাদের নেটওয়ার্ক আরও সম্প্রসারিত করতে চলেছে। বর্তমানে স্কোডা অটো'র ১২০টি সেলস টাচপয়েন্ট রয়েছে ৮৫টি শহরে এবং ২০২১ সালের মধ্যে সেই সংখ্যা ১৫০-এ পৌঁছে যাবে বলে আশা করা হচ্ছে।

প্রত্যেক 'কুশাক'-এর সঙ্গে থাকছে ৪ বছর/ ১,০০,০০০ কিমি ওয়ারেন্টি, যা ৬ বছর/ ১,৫০,০০০ পর্যন্ত বাড়িয়ে নেওয়া যাবে। বিভিন্ন ভেরিয়েন্টের 'স্কোডা কুশাক' যে দামে পাওয়া যাবে তা এরকম: অ্যাক্টিভ (১০,৪৯,৯৯৯ টাকা), অ্যাম্বিশন (১২,৭৯,৯৯৯ টাকা ও ১৪,১৯,৯৯৯ টাকা) এবং স্টাইল (১৪,৫৯,৯৯৯ টাকা, ১৫,৭৯,৯৯৯ টাকা, ১৬,১৯,৯৯৯ টাকা ও ১৭,৫৯,৯৯৯ টাকা)। স্কোডা কুশাক পাওয়া যাবে পাঁচটি কলারে, হানি অরেঞ্জ, টর্নাডো রেড, ক্যান্ডি হোয়াইট, রিফ্লেক্স সিলভার ও কার্বন স্টিল।

## অপর্ণা এন্টার প্রাইজেস লিমিটেড

**গুয়াহাটি:** বিল্ডিং মেটেরিয়ালসের অগ্রণী সংস্থা অপর্ণা এন্টারপ্রাইজেস লিমিটেড জানিয়েছে, তাদের অল্টেজা ব্র্যান্ডের অ্যালুমিনিয়াম উইন্ডো ও ডোর সিস্টেম নির্মাণ ক্ষেত্রে তারা আগামী ৪ বছরে ১০০ কোটি টাকা বিনিয়োগ করবে। বিনিয়োগকৃত অর্থ ব্যয় করা হবে প্রোডাক্ট পোর্টফোলিয়ো মজবুত করতে এবং নির্মাণ কারখানা, মার্কেটিং ও রিটেলিংয়ের উন্নতির কাজে। এই ঘোষণার সঙ্গে অপর্ণা এন্টারপ্রাইজেস তাদের স্লিম অ্যালুমিনিয়াম স্লাইডিং ডোর সিস্টেমের নতুন রেঞ্জও (এসিএম-১৯ সিরিজ) লঞ্চ্ করেছে। এটি অল্টেজা ব্র্যান্ডের 'স্লিমেস্ট অ্যালুমিনিয়াম স্লাইডিং ডোর সিস্টেম'। ২০১৯ সালে চালু হওয়া অল্টেজা ব্র্যান্ডের আওতায় রয়েছে অ্যালুমিনিয়াম উইন্ডো, ডোর ও রেলিং সিস্টেমের এক বিস্তৃত রেঞ্জ। নতুন 'এসিএম-১৯ সিরিজ' সঙ্গে নিয়ে এই ব্র্যান্ড বর্ধিষ্ণু প্রিমিয়াম অ্যালুমিনিয়াম উইন্ডো ও ডোর সিস্টেম মার্কেটে নিজেদের অবস্থান আরও দৃঢ় করতে পারবে বলে আশা করা হচ্ছে।

## পরিযায়ী শ্রমিকদের জন্য ভিআই-এর অফার

**শিলিগুড়ি:** দীর্ঘ লকডাউনের পর দেশের বিভিন্ন রাজ্যে ধীরে ধীরে 'আনলকিং' পর্ব আরম্ভ হচ্ছে এবং পরিযায়ী শ্রমিকরাও নিজেদের শহর ছেড়ে আবার কর্মস্থলে ফিরতে শুরু করেছেন। প্রিপেড টেলিকম গ্রাহকদের অনেকেই লকডাউনের সময়ে নানাকারণে রিচার্জ করতে পারেন নি। ফের কাজে যোগ দেওয়া এইরকম স্বল্প আয়বিশিষ্ট গ্রাহকদের ভারতের 'ফাস্টেস্ট ৪জি নেটওয়ার্কে' ফিরিয়ে আনতে দেশের অগ্রণী টেলিকম সার্ভিস প্রোভাইডার ভিআই ৫০ মিনিটের 'ভিআই টু ভিআই' কলের সুবিধা ও ৫০ এমবি ডেটা প্রদান করবে বলে ঘোষণা করেছে। ভিআই-এর এই সৌজন্যমূলক সুবিধার মেয়াদ ১৫ দিন, আর তারপর গ্রাহকরা তাদের নিজেদের পছন্দমতো রিচার্জ প্যাক বেছে রিচার্জ করে নিতে পারবেন।

ভিআই-এর দেওয়া আনলক ২.০ অফারের সুবিধা গ্রহণ করা যাবে এইসব উপায়ে - (ক) ভিআই নম্বর থেকে টোল-ফ্রী আইভিআর ১২১১৫৩/ ইউএসএসডি কোড *৪৪৪*৭৫# (খ) এসএমএস-এর মাধ্যমে আসা নির্দেশ পালন করা (গ) নিকটবর্তী রিটেলারের কাছে গিয়ে অফারের সুবিধা চালু করার ব্যাপারে তার সাহায্য নেওয়া।

প্রথম পাতার পর...

## কাকে বাছবেন মমতা...

দিনহাটার ঘরের ছেলে উদয়নের জয় নিশ্চিত।

তৃণমূল কংগ্রেসের জন্ম লগ্ন থেকেই মমতা বন্দ্যোপাধ্যায়ের সাথে আছেন রবীন্দ্রনাথ ঘোষ। কোচবিহারে তিলে তিলে তাল করে তুলেছেন দলকে। শুন্য থেকে শুরু করে ২০১৬ সালে নয়টি বিধানসভায় মধ্যে আটটিতে তৃণমূল কংগ্রেসকে জয়ী করার কান্ডারী হলেন রবীবাবু। তাঁর ফলস্বরুপ ২০১৬ সালে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের দায়িত্ব রবীন্দ্রনাথ ঘোষকে দেন মমতা বন্দ্যোপাধ্যায়। দপ্তরের দায়িত্ব নিয়েই উত্তরবঙ্গকে ঢেলে সাজানোর কাজ শুরু করেন তিনি। মালদা থেকে কোচবিহারে একাধিক প্রকল্প হয়েছে রবীন্দ্রনাথ ঘোষের হাত ধরে। তবে গেরুয়া ঝড়ে দলের একদা সহকর্মী মিহির গোস্বামীর হাতে নিজের কেন্দ্রে পরাজিত হন তিনি। দিনহাটার উপনির্বাচনে (উরহযধঃধ নু বষবপঃরড়হ) তৃণমুলের টিকেটের দাবিদার তিনিও।

রবী অনুগামীদের দাবি, ২০১৩ সালে পঞ্চায়েত নির্বাচনে রবীবাবুর পরিশ্রমের জন্যই দিনহাটায় বামেদের দুর্গ ভেঙ্গে দেওয়া সম্ভব হয়। কমল গুহের গড় বলে খ্যাত দিনহাটায় সমস্ত জেলাপরিষদ সিটে তৃণমূল প্রার্থীরা জয়ী হয়। পঞ্চায়েত সমিতি গুলি বামেদের কাছ থেকে ছিনিয়ে নেয় তৃণমূল। পরবর্তীতে সিংহ শিবির ছেড়ে তৃণমূল কংগ্রেসে যোগ দিয়ে উদয়ন গুহ জোড়া ফুল প্রতীকে জয়ী হন। ২০১৬ সালে দিনহাটায় সিংহের দাপট রুখতে রবীর তৈরি সেই সংগঠন কাজ দিয়েছে বলে দাবি করা হয়।

তবে ২০১৯ সালে কোচবিহার লোকসভায় তৃণমূল কংগ্রেস পরাজিত হতেই দলনেত্রীর কোপে পড়েন রবী ঘোষ। দলের জেলা সভাপতি পদ থেকে তাঁকে সরিয়ে দেওয়া হয়। জেলা সভাপতির পদ গেলেও নেত্রীর প্রতি বিশ্বস্ততা দেখিয়ে গেছেন। দলের একনিষ্ঠ কর্মী হিসেবে কাজ করেছেন তিনি। এবারের নির্বাচনে তিনি পরাজিত হলেও তাঁর অনুগামী হিসেবে পরিচিত সিতাই ও মেখলিগঞ্জে দলীয় প্রার্থীরাই জয়ী হয়েছে। দলের অন্দরে আলোচনা চলছে, কোচবিহার সহ উত্তরবঙ্গে আলাদা রাজ্যের দাবিতে যেভাবে আন্দোলন বাড়ছে তাতে রবী ঘোষের মত দাপুটে নেতাই উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরে প্রয়োজন। তবেই এই আন্দোলনের রাশ টানা যাবে বলে মনে করা হচ্ছে।

কোচবিহারে তরুণ তুর্কী নেতা পার্থ প্রতিম রায়ের নামও দিনহাটা উপ নির্বাচনের (উরহযধঃধ নু বষবপঃরড়হ) প্রার্থী হিসেবে উঠে আসছে। লোকসভা নির্বাচনে দল টিকিট না দিলেও তৃণমূল ছাড়েননি তিনি। তাঁর পুরষ্কার হিসেবে দলনেত্রী তাঁকে জেলার দায়িত্ব দিয়েছেন। লোকসভা নির্বাচনে শীতলকুচি বিধানসভায় এগিয়ে থাকা আসনে এবারে বিধানসভায় প্রার্থী করা হয় তাঁকে। নির্বাচনে পরাজিত হলেও রাজবংশী মুখ হিসেবে জেলায় জনপ্রিয় তিনি। জেলায় রাজবংশী ভাবাবেগকে কাজে লাগাতেই পার্থ প্রতীম রায়কে বাছতে পারেন মমতা বন্দ্যোপাধ্যায় বলে অনেকের অনুমান। তবে শেষ সিদ্ধান্ত নেবেন মমতাই। তাই কাকে বাছবেন মুখ্যমন্ত্রী, তা নিয়েই এখন জোর আলোচনা চলছে উত্তরবঙ্গ জুড়ে।

কোচবিহার

# কোচবিহারে জলঢাকা, মানসাই ও তিস্তা নদীতে জলস্ফীতি ঊর্ধ্বমুখী হলুদ সংকেত জারি



কোচবিহারঃ লাগাতার দু-তিনদিন থেকে উত্তরবঙ্গ ও পাহাড়ে ভারী বৃষ্টিপাতের ফলে উত্তরবঙ্গের সমস্ত নদীর জল বেড়ে গিয়েছে অনেক টাই। কোচবিহারের জলঢাকা, মানসাই ও তিস্তা নদীতে হলুদ সংকেত জারি করা হয়েছে। তোর্সা নদীতে এখনো কোন সংকেত জারি না হলেও দ্রুত জলস্তর বৃদ্ধি পাওয়ায় জেলা প্রশাসন সমস্ত রকম প্রশাসনিক তৎপরতা শুরু করে দিয়েছে। কোচবিহারের জেলা শাসক, পবন কাদিয়ান জানান, জলঢাকা, মানসাই ও তিস্তা নদীতে অসংরক্ষিত স্থানে হলুদ সংকেত জারি করেছে। তোর্সা নদীর জল দ্রুত বাড়তে থাকায় প্রশাসনিক ভাবে সমস্ত রকম ব্যবস্থা তৎপরতা শুরু করেছে।

তিস্তা তোর্সা মহানন্দা জলঢাকা মানসাই সহ বিভিন্ন নদীর জলস্ফীতি ঊর্ধ্বমুখী। কোচবিহার শহরের পাটাকুড়া ফাঁসির ঘাট এলাকার ১৬নম্বর ওয়ার্ডের তোরসা নদী পারের জনবসতি এলাকায় প্রবেশ করেছে নদীর জল। বন্যার পরিস্থিতির সৃষ্টি হয়েছে সেই এলাকায়। এলাকার বাসিন্দাদের থেকে জানা গিয়েছে যে, প্রত্যেক বছর বর্ষার মরশুমে নদীর জল বাড়লে সেই এলাকায় বন্যার পরিস্থিতির সৃষ্টি হয়। এবারও নদীর জল বাড়ায় সেই এলাকায় বন্যার পরিস্থিতির সৃষ্টি হয়েছে এবং সকালবেলা থেকে ঘরে পর্যন্ত জল ঢুকে গিয়েছে। অ নেকটাই আতঙ্কিত রয়েছে তোরসা নদী সংলগ্ন এলাকার বাসিন্দারা।

জেলা প্রশাসন সুত্রে জানা গিয়েছে, ৩০ জুন গত ২৪ ঘণ্টায় কোচবিহারে ১১২.৬০ থেকে ৯৪২.৮০ মিলি, মাথাভাঙায় ১৪৫ থেকে ৭৩৫. ৭০ মিলি এবং তুফানগঞ্জে ১০৮.৪০ থেকে ৯৯৬.৪০ মিলি বৃষ্টি হয়েছে। এই ব্যাপক বৃষ্টির জেরে শুধু নদী গুলিতেই নয়, ছোট নদী, পুকুর সহ বিভিন্ন জায়গায় জল স্তর বৃদ্ধি পেয়েছে। জেলার প্রায় সমস্ত শহরের বিভিন্ন জায়গায় রাস্তার উপর দিয়ে জল বইতে শুরু করেছে। কোথাও কোথাও জল দাঁড়িয়ে যাওয়ায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। জেলা প্রশাসনের কর্তারা পরিস্থিতির উপর নজর রেখে চলেছে বলে জানা গিয়েছে।

দার্জিলিং

# সাংসদ রাজু বিস্তার পদত্যাগ দাবি এবিজিএলের



দার্জিলিংঃ দার্জিলিং লোকসভা কেন্দ্রের সাংসদ রাজু বিস্তার পদত্যাগের দাবিতে দার্জিলিংয়ের বিভিন্ন জায়গায় পোস্টার পড়ল ১লা জুলাই সকালে। অখিল ভারতী গোর্খা লিগ পার্টির তরফ থেকে এই পোস্টার দেওয়া হয়।তাদের অভিযোগ, প্রতিবার নির্বাচন এলে সামনে পৃথক গোর্খাল্যাণ্ড রাজ্যের কথা বলেন বিজেপির কেন্দ্রীয় নেতা থেকে পদপ্রার্থীরা। পাঁচ বছর কাটিয়ে চলেও যান। কিন্তু দাবী আদায় দূরে থাক, লোকসভার অধিবেশনে পর্যন্ত জোরালো আওয়াজ তোলেন না নির্বাচিত সাংসদেরা।

দার্জিলিং প্রেস গিল্ডে এক সাংবাদিক সম্মেলনে দলের সাধারন সম্পাদক এস পি শর্মা জানান, এখন সমতলে বিজেপিরই সাংসদ জন বার্লা পৃথক উত্তরবঙ্গ রাজ্য গঠন নিয়ে সরব হয়েছেন। আবার দলেরই রাজ্য সভাপতি দিলীপ ঘোষ বলছেন, বাংলা ভাগ হবে না। বিজেপির দু'মুখো নীতি প্রকাশ্যে আসছে। আর পৃথক গোর্খাল্যাণ্ড রাজ্য নিয়ে মাথা ব্যাথা নেই এখানকার নির্বাচিত সাংসদদের।

পৃথক গোর্খাল্যাণ্ড রাজ্য নিয়ে নীরব দার্জিলিং লোকসভা কেন্দ্রের সাংসদ। অথচ এই ইস্যুকেই সামনে রেখে পাহাড়ে ২০০৯ থেকে লোকসভা ভোটে জিতে আসছে বিজেপি। উনি যদি এখানকার বাসিন্দাদের আবেগকে গুরুত্ব না দেন, তাহলে পদত্যাগ করুন। দাবী এবিজিএলের। তাদের অভিযোগ আগে যারা জয়ী হয়েছিল তারাও যেমন গোর্খাল্যান্ডের দাবীকে কার্যকরী করে নি। বর্তমান সাংসদও করে নি। তাই সাংসদ রাজু বিস্তার পদত্যাগের দাবীতে এই পোস্টার।

জলপাইগুড়ি

# মেটেলিতে পঞ্চায়েত হাতছাড়া হল বিজেপির



মালবাজারঃ জলপাইগুড়ি জেলার মেটেলি ব্লকের ইনডং মাটিয়ালি গ্রাম পঞ্চায়েত চলে গেল তৃণমূল কংগ্রেসের দখলে, পঞ্চায়েতের এক সদস্যকে নিয়ে তৃণমূলে যোগ দিলেন বিজেপির পঞ্চায়েত প্রধান। ১ম জুলাই ইনডং মাটিয়ালি পঞ্চায়েতের বিজেপি প্রধান রাধিকা ওঁরাও জলপাইগুড়ি জেলা তৃণমূল সভাপতি কৃষ্ণ কুমার কল্ল্যানির উপস্থিতে যোগ দেন তৃণমূল কংগ্রেসে।

ইনডং মাটিয়ালি পঞ্চায়েত ছিল বিজেপি, কংগ্রেস ও সিপিএম জোট এর দখলে। ১৮ সদস্যের পঞ্চায়েতে বিজেপির জোটের সদস্য সংখ্যা ছিল ১০। অন্যদিকে, তৃণমূলের সদস্য সংখ্যা ছিল ৮, দল বদলের পর এবার তা বেড়ে হল ১০। এদিন রাধিকার পাশাপাশি বিজেপি নেতা সাধনা ওঁরাও, প্রেম চাঁদ চৌধুরী, মনোতোষ রায় বাইসন প্রমুখ জেলা সভাপতির হাত থেকে তৃণমূলের ঝান্ডা হাতে তুলে নেন।

তৃণমূলের জেলা সভাপতি কৃষ্ণ কুমার কল্যানি বলেন, রাধিকা ওঁরাও তৃণমূলে যোগদানের ইচ্ছা প্রকাশ করে লিখিতভাবে আবেদন করেন। সেই আবেদন ঊর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানোর পর সেখান থেকে অনুমতি দেওয়া হয়। তার পরই রাধিকাকে তৃণমূলে যোগদান করানো হয়। বর্তমানে মেটেলি ব্লকের পাঁচটি গ্রাম পঞ্চায়েতেই তৃণমূলের দখলে রয়েছে।

উত্তর দিনাজপুর

# পরিবহন ব্যবস্থা চালু হওয়ায় খুশি বাস মালিক এবং যাত্রীরা




রায়গঞ্জ: দীর্ঘ ৪৫ দিন পর গনপরিবহন ব্যাবস্থায় বিধিনিষেধ উঠে যাওয়ায় রাজ্যের সাথে সাথে উত্তর দিনাজপুর জেলাতেও চালু হলো সরকারি বেসরকারি বাস মিনিবাস ও অন্যান্য গনপরিবহন। বেসরকারি বাস মিনিবাস পরিষেবা চালু হওয়ায় খুশী গনপরিবহনের সাথে যুক্ত কর্মী ও মালিক পক্ষ। উত্তর দিনাজপুর জেলা সদর রায়গঞ্জ শহরের সরকারি ও বেসরকারি বাসস্ট্যান্ড থেকে শিলিগুড়ি, মালদা বালুরঘাট সহ অন্যান্য জায়গার উদ্দেশ্যে রওনা দেয় সমস্ত যানবাহন। বাস পরিষেবা চালু হতেই যাত্রীদের ভীড়ও লক্ষ্য করা যায় বাসস্ট্যান্ডগুলিতে। তবে কিছু কিছু বাসে পঞ্চাশ শতাংশ যাত্রী নিয়ে চলাচল করলেও বেশকিছু বাসে যাত্রীদের ভীড় ছিল চোখে পড়ার মতো। তবে বেশকিছু বেসরকারি বাসে সরকারি নির্দেশিকা লঙ্ঘনও হতে দেখা গিয়েছে।

দেড় মাস পরে আজ থেকে শুরু হল যাত্রীবাহী গনপরিবহন ব্যাবস্থা। এতদিন ধরে কর্মহীন হয়ে পড়ে থাকা বাসকর্মীরা খুশী তাদের রুজি রুটির ব্যাবস্থা চালু হওয়ায়। রাজ্য সরকারের গনপরিবহন ব্যাবস্থা চালু করার সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন শ্রমিক ও কর্মীরা। যদিও অস্বাভাবিক হারে ডিজেলের মূল্য বৃদ্ধি ঘটায় রাস্তায় বাস চালিয়ে কতটা লাভের মুখ দেখবেন তা নিয়ে সংশয়ে রয়েছেন বেসরকারি বাস ও মিনিবাসের মালিকেরা। এমনিতেই জ্বালানীর খরচ বেড়ে গিয়েছে তার উপর ৫০ শতাংশ যাত্রী নিয়ে বাস চালানো কতদিন সম্ভব হবে তা নিয়েই প্রশ্ন তুলেছেন উত্তর দিনাজপুর বাস মিনিবাস ওনার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সাধারন সম্পাদক প্লাবন প্রামানিক। তবে বাসগুলো বসে থেকে নষ্ট হওয়ার চেয়ে রাস্তায় নামাতে পেরে খুশী তারাও। এদিকে যাত্রী পরিষেবায় গনপরিবহন ব্যাবস্থা চালু হওয়ায় ব্যাপক উপকৃত হয়েছেন জেলার যাত্রী সাধারন।

কালিম্পং:

# কালিম্পংয়ে একাধিক জায়গায় সড়কের উপর ধস



কালিম্পং: উত্তরবঙ্গে টানা বৃষ্টির ফলে ৩০ জুন ফের ধস নামে কালিম্পংয়ে । সেদিন সকালে কালিম্পংয়ের একাধিক জায়গায় ধসের ঘটনা ঘটে । কালিম্পংয়ের গরুবাথান এলাকার অম্বিয়ক চা বাগান সংলগ্ন রাজ্য সড়কের উপর পাহাড় থেকে বড় বড় পাথরের চাঁই ভেঙে পড়ে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় কালিম্পং জেলার গরুবাথান থানার পুলিশ। ঘটনাস্থলে পৌঁছে যান চলাচল নিয়ন্ত্রণ করে। ঘটনাস্থলে পৌঁছয় বর্ডার রোড অর্গানাইজেশনের আধিকারিকরাও ।

প্রায় ঘণ্টাখানেক পর ধস সরিয়ে ফের যান চলাচল স্বাভাবিক করা হয় ওই রাস্তায় । তবে পরিস্থিতি নজরে রাখতে পুলিশ মোতায়েত করা হয়েছে এলাকায়। পাশাপাশি অম্বিয়ক-সেরমালি রাস্তাতেও একাধিক জায়গায় ধস নেমেছে। সেখানেও জেলা প্রশাসন ও জিটিএ ধস সরানোর কাজ শুরু করেছে। সম্প্রতি টানা বৃষ্টির ফলে দার্জিলিংয়ের তিনধারিয়াতে ৫৫ নম্বর জাতীয় সড়কে উপর ওপর এবং কার্শিয়াংয়ের একাধিক জায়গাতেও কিছুদিন আগেই ধসের ঘটনা ঘটে ।

## ভিকির প্রস্থেটিক লুক ভাইরাল

বলিউডের 'ডার্ক হর্স', টল ডার্ক হ্যান্ডসম তো বটেই, পাশাপাশি তাঁর ছবি মানেই প্রশংসিত। নাকউঁচু অভিনেতা খুব বেশি কাজ করেন না, চিত্রনাট্য বেছে রাজি হন, তিনি ভিকি কৌশল। আগেই নিজের সোশ্যাল মিডিয়ায় পোস্ট করছিলেন তাঁর আপকামিং ছবি 'দ্য ইমর্টাল অশ্বত্থামা'-র পোস্টার। পোস্টারের লুকেই ছিল অভিনবত্ব, এবার নিজের লুক প্রকাশ করলেন তিনি।

## ফের আলোচনায় সইফ কন্যা সারা আলি খান

চর্চার বিষয় সারার নতুন প্রেম! রাতের অন্ধকারে সমুদ্রতীরে জেহান হান্ডার সঙ্গে লেপ্সবন্দি সারা। জেহানকে দুইহাতে জড়িয়ে ধরে রয়েছেন সইফ কন্যা। ব্যস, ওমনি আলোচনা শুরু। তবে কি আবারও নতুন প্রেম? কী চলছে সারা ও জেহানের মধ্যে? সুশান্ত , কার্তিক কি এখন সারার জীবনে অতীত, জেহানই বর্তমান? তবে আলোচনা তৈরি হওয়ার কারণও সারা ও জেহান নিজেই। সাগর তীরে সইফ কন্যার সঙ্গে তোলা ছবি জেহানই প্রথম ইনস্টাগ্রামে শেয়ার করেন। ছবিতে জেহান ও সারাকে প্রায় একই রঙের পোশাকে দেখা গিয়েছে। সারার পরনে হালকা কমলা রঙের লং শার্ট। আর জেহানের গায়েও কমলা রঙের শার্ট ও সাদা-কমলা স্ট্রাইপ বারমুডা। আর এই ছবি সারাও তাঁর ইনস্টাগ্রামে শেয়ার করেন।

## নেটিজেনদের আক্রমণের মুখে করিনা

সিনেমায় 'সীতা'র ভূমিকায় অভিনয়ের জন্য ১২ কোটি টাকা পারিশ্রমিক চেয়েছেন করিনা কাপুর খান (কধৎববহধ কধঢ়ড়ড়ৎ কযধহ)। কিছুদিন আগে এমন খবর ছড়িয়ে পড়তেই সোশ্যাল মিডিয়ায় তীব্র আক্রমণের মুখে পড়তে হয় বেবোকে। এই ঘটনায় এবার করিনার সমর্থনে সুর চড়ালেন তাপসী পান্নু। তাঁর সাফ বক্তব্য, কাজের জন্য করিনার মোটা অঙ্কের পারিশ্রমিক চাওয়ার যথেষ্ট অধিকার রয়েছে। সম্প্রতি এক সাক্ষাৎকারে তাপসী বলেন, "যদি এই একই পদক্ষেপ কোনও পুরুষ অভিনেতা নিত, তখন কিন্তু অন্য কথা বলা হত। তখন বলা হত, ও এই পারিশ্রমিক চাওয়ার জন্য যথেষ্ট যোগ্যতা অর্জন করেছে। অথচ কোনও মহিলা এই পারিশ্রমিক চাইলে তাঁকে খারাপ ভাবা হয়।

রউফের যাবজ্জীবন কারাদণ্ড বহাল রাখল বোম্বে হাইকোর্ট

## রউফের যাবজ্জীবন কারাদণ্ড বহাল রাখল বোম্বে হাইকোর্ট

গুলশন কুমার হত্যাকাণ্ডে দাউদ ঘনিষ্ঠ অপরাধী আবদুল রউফ মার্চেন্টের যাবজ্জীবন কারদণ্ডের শাস্তি বহাল রাখল বোম্বে হাইকোর্ট। ২০০২ সালে রউফকে যাবজ্জীবন কারাদণ্ডের শাস্তি দিয়েছিল বোম্বের এক আদালত। এদিন গুলশন কুমার হত্যা মামলায় বোম্বে হাইকোর্ট সাফ জানায়, রউফকে কোনওভাবেই উদারতা দেখানোর প্রয়োজন নেই। কারণ এর আগেও ও প্যারোলে ছাড়া পেয়ে বাংলাদেশে পালিয়ে গিয়েছিল।



# কুনাল দেশমুখ এবং রিভু দাশগুপ্তর হাত ধরে ফিরতে চলছে বাহুবলী!


কয়েকমাস আগেই বাহুবলী ওয়েবসিরিজ নিয়ে বেশ হইচই পড়ে গিয়েছিল যখন এই ছবির পরিচালক ভিস্বেশ কৃষ্ণমূর্থি যখন কাজ ছেড়ে দেন। যদিও আজ পর্যন্ত তাঁর প্রজেক্ট বেরিয়ে যাওয়ার কারণ স্পষ্ট হয়নি। তবে প্রথমদিকে বেশ খানিকবার হোঁচট খাওয়ার পর অবশেষে ট্র্যাকে ফিরেছে 'বাহুবালি বিফর দ্যা বেগেনিং' ওয়েব সিরিজের কাজ। ই-টাইমস জানতে পারাগেছে যে বেশ কিছু বড় পরিবর্তন হয়েছে সিরিজটিতে। এবং এই ওয়েব সিরিজ পরিচালনার দায়িত্ব কোনও একজনের হাতে যাচ্ছে না। এবার কুনাল দেশমুখ এবং রিভু দাসগুপ্তা-র




কাঁধে দেওয়া হয়েছে এই ওয়েবসিরিজ পরিচালনার দায়িত্ব।আনন্দ নীলকান্তন-এর উপন্যাস 'রাইজ অফ শিবগামী' যেখানে শিবগামীর রানি হয়ে ওঠার গল্পটি বলা হয়েছে, সেই এই গল্প নির্ভর করেই পরিচালক এসএস রাজামৌলি এবার নেটফ্লিক্স-এর জন্য তৈরি করছেন একটি সিরিজ যার নাম 'বাহুবলী: বিফোর দ্য বিগিনিং'। কাহিনিকার আনন্দ নীলকান্তন জানিয়েছেন তাঁর কাহিনি 'বাহুবলী: দ্য বিগিনিং'-এর ৩০ বছর আগেকার ঘটনা। এ কারণেই এই কাহিনিতে বাহুবলী চরিত্রটির কোনও অস্তিত্ব নেই।এই সিরিজের কাহিনি যখন শুরু হচ্ছে তখন কাটাপ্পার বয়স মাত্র ২০। শিবগামীর সঙ্গে কাটাপ্পার চরিত্রও রয়েছে এই কাহিনিতে। কেন কাটাপ্পা পরবর্তী সময়ে বাহুবলীকে হত্যা করে তার একটা উত্তর 'বাহুবলী: দ্য বিগিনিং'-এ পাওয়া গিয়েছে।

ছোট পর্দার জন্য তৈরি হচ্ছে বলেই যে এই সিরিজের স্পেক্টাকল হবে নীচু স্কেলে তা কিন্তু নয়। এই সিরিজ নির্মাণের জন্য এসএস রাজামৌলি এবং নেটফ্লিক্স সংস্থা যে দলটি তৈরি করেছেন, তাঁরাই অতীতে ওই গ্র্যাঞ্জার তৈরি করেছিলেন বড় পর্দার জন্য। অনেকেই আশা করছেন 'বাহুবলী: বিফোর দ্য বিগিনিং' জনপ্রিয়তায় 'সেক্রেড গেমস'-কেও পিছনে ফেলে দেবে।

## ভুয়ো ভ্যাকসিন নেওয়ার পর মনঃকষ্টে ভুগছেন মিমি



কসবার টিকা কেন্দ্র থেকে ভ্যাকসিন নিয়েছিলেন অভিনেত্রী সাংসদ মিমি চক্রবর্তী।পরে সন্দেহ হওয়ায় পুলিশের দ্বারস্থ হন। ভুয়ো ভ্যাকসিন নেওয়ার পর শনিবার থেকেই অসুস্থ হয়ে পড়েন তিনি। ২৬ জুলাই ভোর চারটে থেকে মারত্মক পেটে ব্যথা শুরু হয় অভিনেত্রীর। আগে থেকেই মিমির গলব্লাডারের সমস্যা ছিল। মিমিকে হাসপাতালে ভর্তি হওয়ার পরামর্শ দেন চিকিৎসকরা, তবে তাতে রাজি হননি তিনি। বাড়ি থেকেই চলছে তাঁর চিকিৎসা। ৩০ জুন সোশ্যাল মিডিয়ায় একটি পোষ্টের মাধমে তাঁর মনঃকষ্টের কথা ভাগ করে নেন সকলের সঙ্গে।

মিমি তাঁর দীর্ঘ পোস্টে জানান 'খারাপ দিনগুলো কেমন হয় জানতে চাইলে বলব, তা অনুভব করেছি'। তিনি আরও লেখেন, 'যদি তোমরা আমরা জন্য প্রার্থনা করে থাক তবে ধন্যবাদ। যদি না কর তাও ধন্যবাদ'। আগের থেকে আরও অনেক বেশি শক্তিশালী করার জন্য ধন্যবাদ জানান মিমি। অভিনেত্রী তাঁর পোস্ট এটাও স্পষ্ট করেন যে আগের থেকে তিনি এখন সুস্থ রয়েছেন। উল্লেখ্য, ভুয়ো ভ্যাকসিন কাণ্ডের নায়ক দেবাঞ্জন দেবকে ধরিয়ে দেওয়ার পিছনে অন্যতম ভূমিকা নিয়েছিলেন মিমি। এর জন্য একাংশ যেমন প্রশংসা করেছে তাঁর, তেমনই কটাক্ষের মুখেও পড়তে হয়েছে মিমি চক্রবর্তীকে।

## যশ এবং নুসরতের সোশাল মিডিয়ায় বার্তা

সম্ভবত কোনও ধরনের সামাজিক বন্ধনে না থেকেও সিঙ্গেল মাদার হওয়ার সিদ্ধান্ত নিয়েছেন নুসরত। প্রতিদিনই নিজের ছবি তাঁর ফলোয়ারদের সঙ্গে শেয়ার করেন নায়িকা। ধীরে ধীরে এগিয়ে আসছে তাঁর মা হওয়ার সময়। ততই যেন সুন্দরী হচ্ছেন নুসরত।

বৃহস্পতিবার কয়েকটি ছবি শেয়ার করেন তিনি, ক্যাপশন দেন, 'ইয়োর লাভিংলি লাভ'। মা হওয়ার খবর সামনে আসার পর থেকেই তাঁকে ঘিরে চলছে তর্ক বির্তক। তাঁর বিচ্ছেদ কিংবা বিয়েকে অবৈধ ঘোষণা করা, সব কিছু ফিল্মি দুনিয়ার গণ্ডি ছাড়িয়ে রাজনীতির বিষয়বস্তু হয়ে দাঁড়িয়েছে। তবে সদা পজিটিভিটির কথা বলেই এসেছেন অভিনেত্রী। তাঁর মধ্যে অভিনেতা যশ দাশগুপ্তের সঙ্গে তাঁর পারিবারিক দূরত্বের খবর নিয়ে নিন্দুকেরা নুসরতকেই দায়ী করছেন।



বুধবার পরিবারকে নিয়ে নিজের ইনস্টাগ্রামে পোস্ট করে অভিনেতা যশ দাশগুপ্ত লেখেন 'পরিবারই মানুষের জীবনে সবথেকে বড় শক্তি, কিন্তু গভীরতম বেদনা পরিবারের তরফ থেকেই পেয়ে থাকি আমরা'। যশের এই পোস্টের কারণ খুঁজতে বেরিয়ে পড়েছেন নেটিজেনরা। তাঁকে ঘিরে যতই বির্তক হোক না কেন, নুসরত নিজের প্রশান্তি খুঁজে নিচ্ছেন।

## হৃদরোগে চলে গেলেন মন্দিরা বেদীর স্বামী, নির্মাতা-প্রযোজক রাজ কৌশল

স্বামীকে হারালেন অভিনেত্রী ও সঞ্চালক মন্দিরা বেদী। ৩০ জুলাই সকালে শেষ নিশ্বাস ত্যাগ করেন মন্দিরা বেদীর স্বামী ও পরিচালক রাজ কৌশল । মাত্র ৪৯ বছর বয়সে বাড়িতেই শেষ নিশ্বাস ত্যাগ করলেন তিনি। চিকিৎসকদের কোনও রকম সাহায্য নেওয়ার আগেই রাজ কৌশলের মৃত্যু হয় বলে জানা গেছে। মৃত্যুর কয়েক ঘণ্টা আগেই রাজ নাকি বুঝতে পেরেছিলেন, তার অন্তিম সময় চলে এসেছে! সম্প্রতি সংবাদমাধ্যমকে এমনটাই জানিয়েছেন রাজ ও মন্দিরার ঘনিষ্ঠ



বন্ধু সংগীত পরিচালক সুলেমান মার্চেন্ট।

তাঁর প্রয়াণে শোকপ্রকাশ করেছে বলিউড। টিভি এবং ফিল্ম পার্সোনালিটি রোশন আব্বাস সোশ্যাল মিডিয়ায় লিখেছেন, 'রাজ কুশলের এই খারাপ খবর পেলাম। আশা করি, যেখানে গিয়েছো সেখানে গিয়েও তোমার সমস্ত আশা ও স্বপ্ন এভাবেই পূরণ হবে। তোমাকে খুব মিস করব। পরিবারের জন্য আমার প্রার্থনা রইল।'

রাজ কৌশল বলিউডে পা রেখেছিলেন অভিনেতা হিসেবে । তবে পরবর্তীকালে ক্যামেরার পিছনে থাকাকেই বেছে নিয়েছিলেন। কপি রাইটার হিসেবে কেরিয়ার শুরু করেছিলেন রাজ। মুকুল আনন্দ, সুভাষ ঘাই-এর মতো পরিচালকদের সহকারী হিসেবেও কাজ করেছেন। রাজ কৌশল তাঁর কেরিয়া প্যায়ার মে কভি কভি, শাদি কা লাড্ডু, অ্যান্টনি কৌন হ্যায়-এই তিনটি সিনেমা পরিচালনা করেন। ১৯৯৮ সালে খুলেছিলেন নিজের বিজ্ঞাপন প্রযোজনা সংস্থা।৮০০-র বেশি বিজ্ঞাপন তৈরি হয়েছিল তাঁরই পরিচালনায়।

# হর্ষবর্ধন জোশির গল্প শোনাচ্ছে সিগ্রাম'স রয়্যাল স্ট্যাগ

**শিলিগুড়ি:** মাউন্ট এভারেস্ট জয়ী তরুণ পর্বতারোহী হর্ষবর্ধন জোশির প্রেরণাদায়ী কাহিনী তুলে ধরতে এগিয়ে এসেছে সিগ্রাম'স রয়্যাল স্ট্যাগ। মহারাষ্ট্রের ভাসাইয়ের মাত্র ২৫ বছর বয়সী হর্শবর্ধন জোশি প্রথমবারের চেষ্টাতেই এভারেস্ট জয় করতে পেরেছেন। ১৮ বছর বয়স থেকেই তিনি পাহাড়ের প্রতি আকর্ষণ বোধ করতে থাকেন। পেশায় ইঞ্জিনিয়ার হর্ষবর্ধন ২০১৬ সালে তরুণতম ভারতীয় হিসেবে স্টক কাংরিতে (২০ হাজার ফুট) আরোহণ করেছিলেন। এরপর থেকে তিনি এভারেস্ট জয়ের স্বপ্ন পূরণ করতে চেষ্টা চালাতে থাকেন। এজন্য তিনি কঠোর পরিশ্রম করেছেন বিগত ৬ মাস ধরে।

রয়্যাল স্ট্যাগের 'মেক ইট লার্জ স্টোরিজ' লঞ্চ্ প্রসঙ্গে পার্নড রিকার্ড ইন্ডিয়ার সিএমও কার্তিক মহিন্দ্রা বলেন, এক আইকনিক ব্র্যান্ড হিসেবে রয়্যাল স্ট্যাগ সবসময়েই মানুষকে স্বপ্ন দেখতে ও তা সফল করে তুলতে প্রেরণা জুগিয়ে এসেছে 'মেক ইট লার্জ ইন লাইফ'। এই আস্থার বাস্তবায়নের জন্য তারা হর্ষবর্ধন জোশির মাউন্ট এভারেস্ট জয়ের কাহিনী তুলে ধরছেন। হর্ষবর্ধন জোশি বলেন, প্রথম প্রচেষ্টাতেই এভারেস্ট শৃঙ্গে পৌছানোর ব্যাপারে রয়্যাল স্ট্যাগ ছাড়া আর কোনও ভালো সঙ্গীর কথা তাঁর চিন্তাতেও আসেনা। এই দুর্গম যাত্রায় তাদের 'মেক ইট লার্জ' নীতি প্রকৃত প্রেরণা জুগিয়েছে।

# শার্প-এর 'টোটাল ওয়ার্কস্পেস প্রোটেকশন'

**নতুন দিল্লি:** জাপানের শার্প কর্পোরেশনের সম্পূর্ণ ভারতীয় সাবসিডিয়ারি শার্প লঞ্চ্ করল '৩ডি সিকিয়োর টোটাল ওয়ার্কস্পেস প্রোটেকশন' সলিউশন। এই উন্নত ডিসইনফেকশন সলিউশন একইসঙ্গে সারফেস ও এয়ার-বোর্ন ভাইরাসের বিরুদ্ধে কাজ করবে। '৩ডি সিকিয়োর টোটাল ওয়ার্কস্পেস প্রোটেকশন' সলিউশনে রয়েছে ওয়ার্কস্পেস প্রোক্যাট (একটি ডিসইনফেক্ট কোটিং সার্ভিস), নেচারাইজার (একটি ন্যাচারাল সল্ট-বেসড স্যানিটাইজার মেকার) ও প্লাজমাক্লাস্টার এয়ার পিউরিফায়ার। শার্পের এই নতুন সলিউশন ব্যাকেটেরিয়া ও ভাইরাসের বিরুদ্ধে খুবই কার্যকর। এটি ব্যবহার করা




যাবে সবরকম সারফেস ও ইন্ডোর এয়ারের ক্ষেত্রে, আর সেইসঙ্গে অফিসের স্থানে দেবে ক্লিন, ফ্রেশ ও সেফ এনভায়রনমেন্ট।

শার্পের 'ওয়ার্কস্পেস প্রোক্যাট' হচ্ছে একটি ফোটোক্যাটালিস্ট লিকুইড স্প্রে, যার দ্বারা সারফেস ও ওয়াল ডিসইনফেক্ট করা যাবে। ১০০০ বর্গফুটের কোনও অফিস স্পেস ডিসইনফেকশনের জন্য একবছরে প্রায় ১৫০০০০ টাকা ব্যয় হবে। শার্পের 'নেচারাইজার' হল একটি ন্যাচারাল ও পোর্টেবল স্যানিটাইজার মেকার, যা পাণীয় জল ও টেবল সল্ট ব্যবহার করে সোডিয়াম হাইপোক্লোরাইট ওয়াটার তৈরি করে। এর দ্বারা ১ মিনিটে ৯৯% ব্যাকটেরিয়া নির্মূল করা যায়। 'নেচারাইজার'-এর এমআরপি ১০৯৫০ টাকা।

শার্পের '৩ডি সিকিয়োর টোটাল ওয়ার্কস্পেস প্রোটেকশন' সলিউশন ছোটো ও মাঝারি বাণিজ্যিক সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, পাবলিক ও হেলথকেয়ার ফ্যাসিলিটি, কর্পোরেট অফিস, হোটেল, ফার্মা, ম্যানুফ্যাকচারিং, গভর্নমেন্ট ইনস্টিটিউশন ও অন্যান্য ওয়ার্কস্পেসে ব্যবহারে পক্ষে এক আদর্শ ব্যবস্থা।

# প্রাইম মেম্বারদের জন্য 'অ্যামাজন ডে ডেলিভারি'

**শিলিগুড়ি:** মাউন্ট এভারেস্ট জয়ী তরুণ পর্বতারোহী হর্ষবর্ধন জোশির প্রেরণাদায়ী কাহিনী তুলে ধরতে এগিয়ে এসেছে সিগ্রাম'স রয়্যাল স্ট্যাগ। মহারাষ্ট্রের ভাসাইয়ের মাত্র ২৫ বছর বয়সী হর্শবর্ধন জোশি প্রথমবারের চেষ্টাতেই এভারেস্ট জয় করতে পেরেছেন। ১৮ বছর বয়স থেকেই তিনি পাহাড়ের প্রতি আকর্ষণ বোধ করতে থাকেন। পেশায় ইঞ্জিনিয়ার হর্ষবর্ধন ২০১৬ সালে তরুণতম ভারতীয় হিসেবে স্টক কাংরিতে (২০ হাজার ফুট) আরোহণ করেছিলেন। এরপর থেকে তিনি এভারেস্ট জয়ের স্বপ্ন পূরণ করতে চেষ্টা চালাতে থাকেন। এজন্য তিনি কঠোর পরিশ্রম করেছেন বিগত ৬ মাস ধরে।

রয়্যাল স্ট্যাগের 'মেক ইট লার্জ স্টোরিজ' লঞ্চ্ প্রসঙ্গে পার্নড রিকার্ড ইন্ডিয়ার সিএমও কার্তিক মহিন্দ্রা বলেন, এক আইকনিক ব্র্যান্ড হিসেবে রয়্যাল স্ট্যাগ সবসময়েই মানুষকে স্বপ্ন দেখতে ও তা সফল করে তুলতে প্রেরণা জুগিয়ে এসেছে 'মেক ইট লার্জ ইন লাইফ'। এই আস্থার বাস্তবায়নের জন্য তারা হর্ষবর্ধন জোশির মাউন্ট এভারেস্ট জয়ের কাহিনী তুলে ধরছেন। হর্ষবর্ধন জোশি বলেন, প্রথম প্রচেষ্টাতেই এভারেস্ট শৃঙ্গে পৌছানোর ব্যাপারে রয়্যাল স্ট্যাগ ছাড়া আর কোনও ভালো সঙ্গীর কথা তাঁর চিন্তাতেও আসেনা। এই দুর্গম যাত্রায় তাদের 'মেক ইট লার্জ' নীতি প্রকৃত প্রেরণা জুগিয়েছে।

# 'অরেলিয়া'র ব্র্যান্ড অ্যাম্বাসাডর আলিয়া ভাট

**গুয়াহাটি:** মহিলাদের অগ্রণী অ্যাপারেল কোম্পানি টিসিএনএস ক্লোথিং কোম্পানি লিমিটেডের এথনিক-ওয়্যার ব্র্যান্ড 'অরেলিয়া'র ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসেবে আনা হল বলিউডের অভিনেত্রী আলিয়া ভাটকে। আলিয়া এই ইন্ডিয়ান এথনিক-ওয়্যার ব্র্যান্ডের পোশাকের রেঞ্জের প্রচারে সাহায্য করবেন।

টিসিএনএস-এর অরেলিয়া হল এক ইন্ডিয়ান এথনিক-ওয়্যার ব্র্যান্ড, যার মূল লক্ষ্য দেশের সেইসব নারী যারা গ্রেট ডিজাইন, ফিট ও কোয়ালিটি পছন্দ করেন তাদের ক্যাজুয়াল, ওয়ার্ক ও বিভিন্ন অনুষ্ঠানের পোশাকের জন্য। অরেলিয়া ও আলিয়ার সম্পর্ক ভারতীয় নারীসমাজের কাছে পোশাক ও প্রয়োজনের মধ্যে সম্পর্ককে আরও গাঢ় করে তুলবে। বর্তমানে ভারত,




শ্রীলংকা, নেপাল ও মরিশাসে অরেলিয়া ব্র্যান্ড অনলাইন ও অফলাইনে পাওয়া যায় ২২০টিরও বেশি এক্সক্লুসিভ আউটলেট ও ১০০০এরও বেশি লার্জ ফরম্যাট স্টোর্সের মাধ্যমে।

টিসিএনএস ক্লোথিং কোম্পানি লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর অনন্ত কুমার ডাগা জানান, অরেলিয়া সর্বদা সহজ স্টাইলকেই তুলে ধরে। আলিয়া ভাটের সঙ্গে সম্পর্ক স্থাপন একটি স্ট্রাটেজিক ডিসিশন যা এই বিষয়টির সঙ্গে সাযুজ্যপূর্ণ। ইউথ আইকন আলিয়াও সহজ স্টাইল পছন্দ করেন। অরেলিয়া ব্র্যান্ডের তারুণ্যময় ভাবমূর্তি 'ইয়ং অ্যান্ড মডার্ন' নারীদের কাছে আবেদনপূর্ণ এবং আলিয়া সেটাই প্রদর্শন করে থাকেন তাঁর অনস্ক্রিন ও অফস্ক্রিন উপস্থিতির মধ্য দিয়ে।

# সোনি ব্রাভিয়া টিভি এ৮০জে সিরিজ



**নতুন দিল্লি:** সোনি ইন্ডিয়া কগনিটিভ প্রসেসর এক্সআর-যুক্ত নতুন ব্রাভিয়া এক্সআর এ৮০জে ওএলইডি টেলিভিশন সিরিজ নিয়ে এসেছে। মানুষের মস্তিষ্কের মতো চিন্তা করার ক্ষমতাসম্পন্ন কগনিটিভ প্রসেসর এক্সআর থাকায় এই টিভির ভিশন ও সাউন্ড আরও উন্নতমানের। সোনির এই নতুন টিভি সিরিজ দর্শকদের দেবে বেস্ট-ইন-ক্লাস আল্ট্রা-রিয়ালিস্টিক পিকচার কোয়ালিটি, ফুল লাইফ-লাইক কনট্রাস্ট এবং সাউন্ড-ফ্রম-পিকচার রিয়ালিটি-সহ ইনক্রেডিবল সাউন্ড।

সোনি ব্রাভিয়া এক্সআর এ৮০জে ওএলইডি টিভি সিরিজ পাওয়া যাবে ভারতের সকল সোনি সেন্টার, মুখ্য ইলেক্ট্রনিক স্টোর্স ও ই-কমার্স পোর্টালসমূহে। এই টিভির (এক্সআর-৬৫এ৮০জে) বেস্ট বাই প্রাইস ২৯৯,৯৯৯ টাকা।

# অ্যাপোলো প্রোটোন ক্যান্সার সেন্টার

**কলকাতা:** দক্ষিণ এশিয়া ও মধ্যপ্রাচ্যের প্রথম প্রোটোন থেরাপি সেন্টার 'অ্যাপোলো প্রোটোন ক্যান্সার সেন্টার' সাফল্যের সঙ্গে একইসঙ্গে দু'টি জটিল সার্জারি করে ভারতে নজির সৃষ্টি করলো। ঊর্বস্থির (থাই বোন) মেগা প্রস্থেসিস ফিক্সেশন এবং একটি ক্যান্সারগ্রস্ত কিডনি অপসারণের জন্য ল্যাপারোস্কোপিক র্যা ডিক্যাল নেফ্রেক্টোমি করার দ্বারা আসামের এক ৫৪ বছর বয়সী মহিলার শরীরে এক 'সিঙ্গল স্টেজ সার্জারি' করা হয়েছে মাল্টিমোডাল অ্যাপ্রোচের মাধ্যমে। চিকিৎসকদের এই প্রশংসনীয় সার্জারির ফলে ওই মহিলা নতুন জীবন ফিরে পেয়েছেন।



ওই রোগীর বাম ঊর্বস্থি ফ্র্যাকচার হয় মাস দুই আগে, ফলে তিনি সম্পূর্ণ শয্যাশায়ী হয়ে পড়েন। অ্যাপোলো প্রোটোন ক্যান্সার সেন্টারে বায়োপ্সির পর জানা যায় তাঁর একটি কিডনি চতুর্থ স্তরের ক্যান্সারগ্রস্ত এবং ক্যান্সার কোষ ঊর্বস্থি অবধি ছড়িয়ে গেছে। ছয় ঘন্টাব্যাপী এক জটিল সার্জারির দ্বারা তাঁর টিউমারগ্রস্ত 'নী-জয়েন্ট' অপসারণ করে 'মেগা প্রস্থেসিস' প্রতিস্থাপন করা হয়। একইসঙ্গে 'ল্যাপারোস্কোপিক কী-হোল সার্জারি'র দ্বারা ওই রোগীর কিডনি অপসারন করা হয়। এই সফল সার্জারির পরদিনই ওই রোগী প্রায় তিনমাস পর নিজের পায়ে হাঁটতে সক্ষম হন।

অ্যাপোলো হসপিটালসের চেয়ারম্যান ড. প্রতাপ সি রেড্ডি জানান, অ্যাপোলো প্রোটোন ক্যান্সার সেন্টারে তাঁরা অঙ্কোলজির ক্ষেত্রে নতুন অবদান রাখছেন তাঁদের যুগান্তকারী সার্জারির দ্বারা। তাঁদের চিকিৎসকদলের এই সাফল্য শুধু অ্যাপোলো গ্রুপের নয়, গোটা হেলথকেয়ার ইন্ডাস্ট্রিরও গর্বের বিষয়।

# টিসিএল ব্র্যান্ডের নতুন ৪কে টিভি


**কলকাতা:** সুপিরিয়র হোম এন্টারটেনমেন্টের জন্য গ্লোবাল টপ-টু টেলিভিশন ব্র্যান্ড ও অগ্রণী কনজিউমার ইলেক্ট্রনিক্স কোম্পানি টিসিএল লঞ্চ্ করল নতুন ২০২১ সি সিরিজ রেঞ্জ লাইন-আপ টিভি: মিনি এলইডি কিউএলইডি ৪কে সি৮২৫ (ম্যাজিক ক্যামেরা-সহ), কিউএলইডি ৪কে সি৭২৮ (গেম মাস্টার-সহ) ও কিউএলইডি ৪কে সি৭২৫ (ভিডিয়ো কল ক্যামেরা-সহ)। এই নতুন টিভি মডেলগুলিতে থাকা ফিচারগুলির মধ্যে রয়েছে ১২০হার্টজ এমইএমসি, ডলবি ভিশন, ডলবি ভিশন আইকিউ, ডলবি আটমস, আইম্যাক্স এনহ্যান্সড,




গেম মাস্টার, হ্যান্ডস-ফ্রী ভয়েস কন্ট্রোল ২.০ ও টিসিএল স্মার্ট ইউআই। ৫৫, ৬৫ ও ৭৫ সাইজের নতুন টিসিএল টিভি পাওয়া যাবে যথাক্রমে ৭৯,৯৯০ টাকা, ১০২,৯৯০ টাকা ও ১৫৯,৯৯০ টাকায়।

# ICC Cricket T20 World Cup 2021 Schedule





| Match No | Date | Teams | Round | Group |
|---|---|---|---|---|
| 1 | 17-Oct-21 | Sri Lanka vs Ireland | First Round | Group A |
| 2 | 18-Oct-21 | Papua New Guinea vs Oman | First Round | Group A |
| 3 | 19-Oct-21 | Bangladesh vs Namibia | First Round | Group B |
| 4 | 19-Oct-21 | Netherlands vs Scotland | First Round | Group B |
| 5 | 20-Oct-21 | Ireland vs Oman | First Round | Group A |
| 6 | 20-Oct-21 | Sri Lanka vs Papua New Guinea | First Round | Group A |
| 7 | 21-Oct-21 | Namibia vs Scotland | First Round | Group B |
| 8 | 21-Oct-21 | Bangladesh vs Netherlands | First Round | Group B |
| 9 | 22-Oct-21 | Papua New Guinea vs Ireland | First Round | Group A |
| 10 | 22-Oct-21 | Sri Lanka vs Oman | First Round | Group A |
| 11 | 23-Oct-21 | Fri Netherlands vs Namibia | First Round | Group B |
| 12 | 23-Oct-21 | Bangladesh vs Scotland | First Round | Group B |
| 13 | 24-Oct-21 | Australia vs Pakistan | Super 12 | Group 1 |
| 14 | 24-Oct-21 | India vs South Africa | Super 12 | Group 2 |
| 15 | 25-Oct-21 | TBC vs TBC | Super 12 | Group 1 |
| 16 | 25-Oct-21 | New Zealand vs West Indies | Super 12 | Group 1 |
| 17 | 26-Oct-21 | Afghanistan vs TBC | Super 12 | Group 2 |
| 18 | 26-Oct-21 | England vs TBC | Super 12 | Group 2 |
| 19 | 27-Oct-21 | New Zealand vs TBC | Super 12 | Group 1 |
| 20 | 28-Oct-21 | Afghanistan vs TBC | Super 12 | Group 2 |
| 21 | 28-Oct-21 | Australia vs West Indies | Super 12 | Group 1 |
| 22 | 29-Oct-21 | Pakistan vs TBC | Super 12 | Group 1 |
| 23 | 29-Oct-21 | India vs TBC | Super 12 | Group 2 |
| 24 | 30-Oct-21 | FriEngland vs South Africa | Super 12 | Group 2 |
| 25 | 30-Oct-21 | West Indies vs TBC | Super 12 | Group 1 |
| 26 | 31-Oct-21 | New Zealand vs Pakistan | Super 12 | Group 1 |
| 27 | 31-Oct-21 | Australia vs TBC | Super 12 | Group 1 |
| 28 | 01-Nov-21 | Afghanistan vs South Africa | Super 12 | Group 2 |
| 29 | 01-Nov-21 | India vs England | Super 12 | Group 2 |
| 30 | 02-Nov-21 | TBC vs TBC | Super 12 | Group 2 |
| 31 | 02-Nov-21 | New Zealand vs TBC | Super 12 | Group 1 |
| 32 | 03-Nov-21 | Pakistan vs West Indies | Super 12 | Group 1 |
| 33 | 04-Nov-21 | Australia vs TBC | Super 12 | Group 1 |
| 34 | 04-Nov-21 | Afghanistan vs England | Super 12 | Group 2 |
| 35 | 05-Nov-21 | South Africa vs TBC | Super 12 | Group 2 |
| 36 | 05-Nov-21 | India vs TBC | Super 12 | Group 2 |
| 37 | 06-Nov-21 | FriPakistan vs TBC | Super 12 | Group 1 |
| 38 | 06-Nov-21 | Australia vs New Zealand | Super 12 | Group 1 |
| 39 | 07-Nov-21 | England vs TBC | Super 12 | Group 2 |
| 40 | 07-Nov-21 | West Indies vs TBC | Super 12 | Group 1 |
| 41 | 08-Nov-21 | South Africa vs TBC | Super 12 | Group 2 |
| 42 | 08-Nov-21 | India vs Afghanistan | Super 12 | Group 2 |



| Match No | Date | Teams | Semi-Final / Final |
|---|---|---|---|
| 1 | 11 November 2021 | TBC vs TBC | 1st Semi-Final |
| 2 | 12 November 2021 | TBC vs TBC | 2nd Semi-Final |
| 3 | 14 November 2021 | TBC vs TBC | Final |

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপন পণ্ডিত কতৃক ডাউয়াগুড়ি, কলের পার, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১৫৬ থেকে প্রকাশিত এবং 'জনবার্তা' প্রিন্টিং প্রেস, দক্ষিণ খাগরবাড়ী, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১০১ থেকে মুদ্রিত।
● সম্পাদকঃ সন্দীপন পণ্ডিত ● Printed, Published and Owned by Sandipan Pandit and Printed at 'Janabarta' Printing Press, Dakshin Khagarbari, Dist.: Cooch Behar, West Bengal, PIN Code: 736101 and Published at Dawaguri, Kolerpar, Dist.: Cooch Behar, West Bengal, PIN Code – 736156● Editor: Sandipan Pandit, Tele-Fax : 0353-2431015 Website : www.purbottar.in, e-mail : contact@purbottar.in RNI No.: 71057/96